COMMENTARY ON
DHAMMAPADA
BUDDHIST STORIES
PART I
TWIN VERSES
Text with Bengali Translation

Translated by
Venerable Pt. Silalankara Mahathera

Revised by
Ven. Rajaguru Pt. Dharmadhara Mahathera,
Tatvabhusana, Sutta, Vinaya, Abhidhamma Visarada.

MAHA BODHI SOCIETY OF INDIA
4A, Bankim Chatterjee Street, Calcutta-12
B. E. 2506. C E. 1962

PRICE RS. 4·00

ধম্মপদাত্থকথা

(বৌদ্ধ গল্প)

যমক বর্গ

(বাংলা অনুবাদ সমেত)

শ্রীশীলালঙ্কার মহাস্থবির

কর্ত্তৃক অনূদিত।

রাজগুরু পণ্ডিত শ্রীধর্ম্মাধার মহাস্থবির

তত্ত্বভূষণ, সূত্র, বিনয়, অভিধর্ম্ম-বিশারদ কর্ত্তৃক

সংশোধিত।

প্রথম খণ্ড

মহাবোধি সোসাইটি

কলিকাতা

২৫০৬ বুদ্ধাব্দ

১৯৬২ খৃষ্টাব্দ

প্রকাশক :
শ্রীদেবপ্রিয় বলিসিংহ, প্রধান সচিব,
ভারতীয় মহাবোধি সোসাইটী,
৪এ, বঙ্কিম চাটার্জি ষ্ট্রীট,
কলিকাতা-১২

প্রাপ্তিস্থান :
(১) মহাবোধি বুক এজেন্সী
৪এ, বঙ্কিম চাটার্জি ষ্ট্রীট, কলিকাতা-১২ ।
(২) বোধগয়া, গয়া, বিহার ।
(৩) সারনাথ, বারানসী, উত্তর প্রদেশ ।
(৪) বুদ্ধ বিহার, নিউ দিল্লী ।
(৫) সাঁচি বিহার, সাঁচি, ভূপাল, এম. পি ।

মূল্য চার টাকা মাত্র

মুদ্রক :
শ্রীরবীন্দ্রনাথ বিশ্বাস কর্তৃক উৎপল প্রেস, ১১০।১বি, আমহার্ষ্ট ষ্ট্রীট,
কলিকাতা-৯ হইতে মুদ্রিত ।

সুত্তপিটকং

যমক বগ্গো (১)

বত্থু সংখ্যা, কথাবত্থু			পিট্ঠঙ্কো
১।	চক্খুপালত্থের বত্থু	....	৩
২।	মট্টকুণ্ডলী বত্থু	....	৫১
৩।	থুল্লতিস্সত্থের বত্থু	... .	৭৬
৪।	কালিয়কত্থিনিয়া বত্থু	....	৯২
৫।	কোসম্বক বত্থু	. ..	১০৬
৬।	চুলকাল মহাকাল বত্থু	....	১৩০
৭।	দেবদত্তস্স বত্থু (১ম)	. ....	১৪৮
৮।	অগ্গসাবক বত্থু	....	১৫৯
৯।	নন্দত্থের বত্থু	....	২১৮
১০।	চুন্দসূকরিক বত্থু	....	২৩৯
১১।	ধম্মিক উপাসকস্স বত্থু	....	২৪৬
১২।	দেবদত্তস্স বত্থু (২য)	....	২৫৫
১৩।	সুমনা দেবিযা বত্থু	....	২৯১
১৪।	দ্বে সহাযক ভিক্খূনং বত্থু	....	২৯৮

প্রকাশকের নিবেদন

ধর্মপদ অর্থকথাব যমক বর্গের বঙ্গানুবাদ দ্বিতীয় সংস্কবণ প্রকাশিত হইল। ধর্মপদ যেমন বিশ্বেব সংস্কৃতি অনুবাগী মাত্রেই পবম আগ্রহে অনুশীলন করেন, উহাব অর্থকথাও সেইরূপ সকলেব পক্ষে আদবনীয়। বিশেষত ব্রহ্ম, শ্যাম, কম্বোজ, লাওস, ভিয়েৎনাম, সিংহল ও ইংলণ্ড প্রভৃতি দেশে পালি ভাষা শিক্ষার্থীদেব প্রাথমিক পাঠ্য হিসাবে এই অর্থকথা নির্দ্দিষ্ট আছে। ইহাব সহজ বোধ্য গল্পগুলি ভাষা শিক্ষাব পক্ষে উপাদেয়।

শ্রদ্ধেয শ্রীশীলালঙ্কাব মহাস্থবিব ১৯৩৪ সালে এই পুস্তকখানি মূল সহ বঙ্গানুবাদ সম্পাদন কবেন। তখন উহা বেঙ্গুন বৌদ্ধ মিশন প্রেসে মুদ্রিত হইয়া ত্রিপিটক গ্রন্থমালায় প্রথম প্রকাশিত হয়। ইহাতে বাংলা দেশেব পালি শিক্ষার্থীদের প্রভূত উপকাব সাধিত হইয়াছে। বঙ্গীয় সংস্কৃত শিক্ষা পবিষদ গৃহীত পালি পবীক্ষাব পাঠ্য তালিকাব অন্তর্ভুক্ত হওয়ায় গ্রন্থখানির মর্যাদা ও প্রয়োজনীযতা বিশেষ রূপে বৃদ্ধি পাইযাছে।

বর্ত্তমানে বইখানি নিঃশেষ হইযাছে। তজ্জন্য পালি শিক্ষার্থীদেব বিশেষ অসুবিধা ভোগ কবিতে হইতেছে। পাঠক বর্গেব সনির্বন্ধ অনুবোধে আমবা মহাবোধি সোসাইটির প্রকাশন বিভাগ হইতে ইহাব দ্বিতীয় সংস্কবণ প্রকাশের সঙ্কল্প কবি। গ্রন্থকাব মহোদয সাগ্রহে আমাদিগকে অনুমতি দিযাছেন। তজ্জন্য তাঁহার নিকট আমরা কৃতজ্ঞ।

নালন্দা বিদ্যাভবনেব অধ্যক্ষ শ্রদ্ধেয় শ্রীধর্মাধার মহাস্থবির গ্রন্থকাব হইতে অনুমতি লাভে সাহায্য করিয়াছেন। ইহাব পদ্যানুবাদগুলি গদ্যে পরিবর্ত্তন, প্রয়োজন বোধে স্থানে স্থানে সংশোধন ও আদ্যোপান্ত প্রুফ্ দর্শন কবিয়া মুদ্রন কার্য পবিচালনা কবিয়াছেন। তাঁহাব সক্রিয সাহচর্য না পাইলে এই গ্রন্থ প্রকাশ সহজ হইত না। তিনি সোসাইটিব সাপ্তাহিক ববিবাবেব ধর্মালোচনায় প্রধান ধর্মদেশক, বৃহস্পতিবাবেব আলোচনায় কদাচিৎ অংশ গ্রহণ করেন এবং উন্নতি জনক কার্যে সহযোগিতা কবেন। তজ্জন্য তাঁহাব প্রতি আমাদের আন্তবিক ধন্যবাদ। সময়ে প্রুফ দেখাব জন্য শ্রদ্ধেয় শ্রীধর্মকীর্তি মহাস্থবিব ধন্যবাদার্হ। এতদ্বারা পালি শিক্ষার্থীদেব উপকাব হইলে ইহার প্রকাশ সার্থক হইবে।
ইতি—

বুদ্ধ জয়ন্তী ২৫০৬,
৪এ, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট,
কলিকাতা—১২

শ্রীদেবপ্রিয় বলিসিংহ
প্রধান সচিব
মহাবোধি সোসাইটি
২০।৫।৬২

নিবেদন

ধর্ম্মাধর্ম্মে সুবিজ্ঞ শাক্যমুনি ভগবান সম্যক সম্বুদ্ধেব শ্রীমুখ পঙ্কজ-নিঃসৃত এক একটি ধর্ম্মোপদেশ এক একটি বত্নখনি সদৃশ। ধর্ম্মপদ সম্বুদ্ধেব বহু অমূল্য উপদেশ-সম্ভাবে পবিপূর্ণ। ইহাতে মোক্ষ প্রদায়ক নীতি গর্ভ ৪২৩টি গাথা বা শ্লোক আছে। ইহা সূত্র পিটকে ক্ষুদ্র নিকায়েব অন্তর্গত সুপ্রসিদ্ধ গ্রন্থ। এই ধর্ম্মপদ বৌদ্ধদেব অমূল্য সম্পদ। সিংহল, ব্রহ্ম, শ্যাম, চীন, জাপান, তিব্বত ও চট্টগ্রাম প্রভৃতি বৌদ্ধদেশে ইহা খুব সমাদৃত। এই ধর্ম্মপদ ২৬ বর্গে বিভক্ত..... .....।

ধর্ম্মপদেব এক একটি গাথাব উপমা-যুক্তি সমন্বযে উপাখ্যান যুক্ত বিস্তৃত ব্যাখ্যাকে **"ধর্ম্মপদার্থকথা"** বলে। এই ধর্ম্মপদার্থ কথা প্রথম সঙ্গীতি কাবক অর্হৎ মহাকশ্যপ স্থবিব প্রমুখ প্রতি সম্ভিদা প্রাপ্ত পঞ্চশত ক্ষীণাশ্রব কর্ত্তৃক সংগৃহীত হইয়াছিল। লঙ্কায বুদ্ধশাসন প্রতিষ্ঠাপক অর্হৎ মহেন্দ্র স্থবিব এই ধর্ম্মপদার্থকথা লঙ্কায লইয়া গিয়া সিংহলী ভাষাতেই প্রতিষ্ঠাপিত ববেন। অতঃপব সেই সিংহলী ভাষায় পরিবর্ত্তিত ধর্ম্মপদার্থ কথা অন্যান্য দেশবাসীব কোন হিত সাধন হইতেছে না দেখিয়া কুমাবকশ্যপ স্থবিরেব আরাধনায লঙ্কার মহাবিহাববাসী ত্রিপটক পাবদর্শী মহাবৈয়াকবণিক মহাজ্ঞানী সুপণ্ডিত অনুবুদ্ধ **"বুদ্ধঘোষ"** স্থবিব বিস্তাব ও পুনরুক্তি বাদ দিয়া মনোবম পালি ভাষায় ৭২ ভাণবাব যুক্ত **"ধর্ম্মপদার্থকথা"** লিখিয়াছিলেন।

এই ধর্ম্মপদার্থকথা অতি মৃদু-মধুব ভাষায বর্ণিত ধর্ম্মপদেব গাথা সমূহেব কুশলাকুশল-বিপাক সন্দীপনী চিত্তাকর্ষক চক্ষুপাল স্থবিবাদি ২৯৯টি উপাখ্যানে পবিপূর্ণ এক সুবৃহৎ গ্রন্থ।

১৯৩০ খৃস্টাব্দে যখন আমি কলিকাতা ধর্ম্মাঙ্কুব বিহাবে অবস্থান কবিতেছিলাম, তখন আমাব গুরুদেব বিনয়াচার্য্য শ্রীমৎ প্রজ্ঞালোক মহাস্থবির কর্ত্তৃক

আদিষ্ট ও উদ্বুদ্ধ হইয়া ধর্ম্মপদার্থকথার প্রথম যমক বর্গ বঙ্গানুবাদ করিতে কৃতসঙ্কল্প হই। এই যমক বর্গ ২০টি মূল গাথা ও ১৪টি উপাখ্যানে সম্পূর্ণ।

ধর্ম্মাঙ্কুর বিহারে বিবিধ কার্য্যে ব্যাপৃত থাকায় এই ধর্ম্মপদার্থকথার যমকবর্গ শেষ করিতে আমার প্রায় এক বৎসর সময়ের প্রয়োজন হইয়াছিল। ইহার অনুবাদ যাহাতে সরল ও সুখবোধ্য হয় তজ্জন্য চেষ্টার ত্রুটী করি নাই।

আমার গুরুদেব অতি যত্নের সহিত ইহার পাণ্ডুলিপি সংশোধন করিয়া দিয়া ও একখানা সুবিস্তৃত সারগর্ভ ভূমিকা লিখিয়া দিয়া আমাকে চির কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করিয়াছেন। শ্রীযুত রাজেন্দ্র বিনোদ বড়ুয়া বি, এ, বি, এল মহোদয় অত্যধিক সহিষ্ণুতার সহিত পাণ্ডুলিপির আদ্যপান্ত উত্তমরূপে দেখিয়া অনেকটি শব্দ পরিবর্ত্তন ও সংশোধন করিয়া আমাকে চিরানুগৃহীত করিয়াছেন। তজ্জন্য তাঁহার সর্ব্বাঙ্গীন মঙ্গল কামনা করিতেছি।

এই গ্রন্থ জনসাধারণ কর্ত্তৃক সমাদৃত হইলে আমার পরিশ্রম সার্থক মনে করিব।

শ্রাবণী পূর্ণিমা
৭ই ভাদ্র, ২৪শে আগষ্ট'
২৪৭৮ বুদ্ধাব্দ, ১৯৩৪খৃষ্টাব্দ।

শ্রীশীলালঙ্কার স্থবির
ধর্ম্মদূত বিহার
রেঙ্গুন।

গ্রন্থ পরিচয়

শ্রীশ্রী সর্ব্বজ্ঞ বুদ্ধ-দেশিত সমগ্র বৌদ্ধ-শাস্ত্রখানি ধম্ম ও বিনয় নামে কথিত। ধর্ম্ম বলিতে সূত্র ও অভিধর্ম্মকে বুঝায়। বি ন য় বলিতে সমগ্র বিনয় পিটককে বুঝায়। আবাব সমগ্র * বিনয় পিটককে (আণাদেসনা) আজ্ঞা দে শ না বলা হয়, কেন-না ইহাতে আজ্ঞা প্রদান করিবাব যোগ্য ভগবান্ বহুলভাবে আজ্ঞা কবিয়া বিনয় সম্বন্ধে উপদেশ করিয়াছেন। সূত্র পিটককে (বোহার দেসনা) ব্য ব হা র দে শ না বলা হয়, কেন না ব্যবহার কুশল ভগবান্ বহুলভাবে ইহাতে ব্যবহার বিষয়ক উপদেশ প্রদান কবিয়াছেন। অভিধর্ম্ম পিটককে (পরমত্থ দেসনা) প র ম র্থ দে শ না বলা হয়, কেন-না পরমার্থ কুশল ভগবান্ বহুলভাবে পরমার্থ সম্বন্ধে উপদেশ প্রদান করিয়াছেন।

অভিধর্ম্ম পিটকে প্রজ্ঞা বিষয়ক শিক্ষা প্রাধান্য বিধায় ইহা অ বি প্র জ্ঞা শিক্ষা নামে অভিহিত।

মূল ত্রিপটকের মধ্যে বিনয় পিটক উভয় বি ভ ঙ্গ, উভয় খ ন্ধ ক ও পরিবার ভেদে পাঁচখণ্ড। সূত্রপিটকে পঞ্চ নিকায়। অভিধর্ম্ম পিটক সপ্ত প্রকরণে বিভক্ত। এই সতর খানি মূল গ্রন্থেব বিবরণ পূর্ব্ববর্ত্তী গ্রন্থকারগণ বহুবাব আলোচনা করিয়াছেন। এখানে কেবল অ ট্ঠ ক থা ও টী কা গুলি কাহাদ্বারা প্রণীত উহাই সংক্ষেপে বলা হইতেছে।

---

* এথ হি বিনয়পিটকং আণারহেন ভগবতা আণাবাহুল্লতো দেসিতত্তা আণাদেসনা, সুত্তপিটকং বোহারকুসলেন ভগবতা বোহার বাহুল্লতো দেসিতত্তা বোহার দেসনা, অভিধম্মপিটকং পরমত্থ কুসলেন ভগবতা পরমত্থবাহুল্লতো দেসিতত্তা পরমত্থদেসনাতি বুচ্চতি।

ইতি অট্ঠসালিনী।।

শ্রীমৎ বুদ্ধঘোষ স্থবিব প্রণীত—

১। দীঘনিকায়ট্‌ঠকথা সুমঙ্গল বিলাসিনী। ২। মজ্ঝিম নিকায়ট্‌ঠকথা পপঞ্চ সূদনী। ৩। সংযুক্ত নিকায়ট্‌ঠকথা সারত্থপ্পকাসিনী। ৪। অঙ্গুত্তর নিকায়-ট্‌ঠকথা মনোরথ পূরণী। ৫। জাতকট্‌ঠকথা। ৬। সুত্তনিপাতট্‌ঠকথা পরমত্থ জ্যোতিকা। ৭। ধম্মপদট্‌ঠকথা সদ্ধম্ম জ্যোতিকা। ৮। খুদ্দকপাঠট্‌ঠকথাপরমত্থ জ্যোতিকা। ৯। বিনয়ট্‌ঠকথা সমন্ত পাসাদিকা। ১০। ধম্মসঙ্গনী অট্‌ঠকথা অট্‌ঠশালিনী। ১১। বিভঙ্গট্‌ঠকথা সম্মোহবিনোদনী। ১২। পঞ্চপ্পকরণট্‌ঠকথা ১৩। কঙ্খাবিতরণী টীকা।

শ্রীমৎ ধর্ম্মপাল স্থবিব প্রণীত—

১। ইতি বুত্তকট্‌ঠকথা পরমত্থ দীপনী। ২। বিমানবত্থু অট্‌ঠকথা। ৩। পেতবত্থু অট্‌ঠকথা। ৪। থেরগাথাট্‌ঠকথা। ৫। থেরীগাথাট্‌ঠকথা ৬, উদানট্‌ঠকথা। ৭। চরিয়াপিটকট্‌ঠকথা। ৮। নেত্তিপ্পকরণট্‌ঠকথা। ৯। বিসুদ্ধিমগ্‌গমহাটীকা। ১০। দীঘনিকায়ট্‌ঠকথা টীকা। ১১। মজ্ঝিমনি-কায়ট্‌ঠকথা টীকা। ১২। সংযুক্তনিকায়ট্‌ঠকথা টীকা। ১৩। বিনয় বিনতি-বিনোদনী টীকা। ১৪। সচ্চসঙ্খেপ।

শ্রীমৎ উপসেন স্থবিব প্রণীত—

১। চুলনিদ্দেসট্‌ঠকথা সদ্ধম্মপজ্জোতিকা ও ২। মহানিদ্দেসট্‌ঠকথা।

শ্রীমৎ মহানাম স্থবিব প্রণীত—

১। পটিসম্ভিদা মগ্‌গট্‌ঠকথা সদ্ধম্মপ্পকাসনী ও ২। মহাবংস (১ম ভাগ)।

অন্যতম স্থবিব প্রণীত—১। অপাদানট্‌ঠকথা বিসুদ্ধজনবিলাসিনী।

শ্রীমৎ বুদ্ধদত্ত স্থবিব প্রণীত—

১। বুদ্ধবংসট্‌ঠকথা মধুরত্থ বিলাসিনী ও ২। বিনয় বিনিচ্ছয়ো (সম্পূর্ণ বিনয়ার্থকথা পদ্যে)

শ্রীমৎ সারীপুত্র স্থবিব প্রণীত—

১। বিনয় সারত্থদীপনী টীকা। ২। পালিমুত্তক বিনয় বিনিচ্ছয়ো ও ঐ টিকা

শ্রীমৎ বজিরবাম স্থবিব প্রণীত—১। বিনয় বজিরবুদ্ধি টীকা।

শ্রীমৎ জাগব স্থবিব প্রণীত—১। বিনয়ট্‌ঠকথা সমন্তপাসাদিকা যোজনা।
শ্রীমৎ বুদ্ধনাগ স্থবির প্রণীত—১। কঙ্কাবিতবণী টীকা বিনয়থ মঞ্জুসা।
শ্রীমৎ ধর্ম্মশ্রী স্থবির প্রণীত—১। খুদ্দসিক্‌খা ও ২। মূলসিক্‌খা
শ্রীমৎ সঙ্ঘবক্ষিত স্থবির প্রণীত—
১। খুদ্দসিক্‌খা টীকা সুমঙ্গলপ্পসাদনী ও ২। মূলসিক্‌খা টীকা।

ব্রহ্মদেশের তম্বদ্বীপ রাজ্যে রতনপুণ্ণ নগবে তিবিয় পর্ব্বতবাসী জনৈক ত্রিপিটকাচার্য্য স্থবিব কর্ত্তৃক ২১০১ সুগত বর্ষে লিখিত—১। বিনয়ালঙ্কাব টীকা।
শ্রীমৎ আর্যবংশ স্থবির প্রণীত—১। সুত্তসঙ্গহট্‌ঠকথা।
শ্রীমৎ অনুরুদ্ধ স্থবির প্রণীত—১। অবিভম্মথ সঙ্গহো।
শ্রীমৎ সুমঙ্গল স্থবিব প্রণীত—১। অভিধম্মথসঙ্গহ টীকা বিভাবনী। ২। ঐ টীকা পরমত্থদীপনী (লেডি ছেয়াদকৃত)। ৩। ঐ টীকা অঙ্কুব (বিমল স্থবিব কৃত) ৪। ঐ টীকা অতুল বিসোধনী। ৫। ঐ টিকা মণিসাব মঞ্জূসা।

ধম্মপদ

১৮৫৫ খৃষ্টাব্দে ডেনমার্কবাসী সুপ্রসিদ্ধ ডাক্তাব ফজ্‌বোল ধম্মপদের এক অত্যুৎকৃষ্ট সংস্করণ প্রকাশ কবেন। ঐ সময়ে তিনি লাটিন ভাষায় এই গ্রন্থ অনুবাদ করিয়া ইউবোপীয় পণ্ডিত মণ্ডলীব চিত্তাকর্ষণ কবেন। তদনন্তব বার্ণফ, গগার্লি, উফম, ওযেযাব প্রভৃতি পণ্ডিতগণ ধম্মপদ গ্রন্থ ফবাসী, ইংবাজী ভাষায় অনুবাদ করিয়া উহাব প্রচাব বৃদ্ধি কবেন। ১৮৭৯ খৃঃ অব্দে অধ্যাপক মোক্ষমূলব ইংবেজী ভাষায়, ১৮৭৮ খৃঃ অব্দে ফার্ণন্দ হু ফবাসী ভাষায়, ১৮৭৮ খৃঃ রেভারেণ্ড বিল্ চীনভাষায, সুপ্রসিদ্ধ সিফনাব তিব্বতীয় ভাষায় ও ১৮৯৮ খৃঃ অব্দে এই ধম্মপদ কলিকাতা বুদ্ধিষ্ট টেক্স সোসাইটি কর্ত্তৃক প্রকাশিত হয়। রেভারেণ্ড বিল বলেন—চীনভাষায় ধম্মপদ গ্রন্থের চাবিখানি অনুবাদ পাওয়া যায়। বলা বাহুল্য এই মহামূল্য গ্রন্থ পৃথিবীর-নানা ভাষায় অনুবাদিত হইয়া বুদ্ধেব বাণী প্রচাবে যে সহায়তা কবিয়াছে, ইহাই অতিশয়

গৌরবের বিষয়। এই ধম্মপদ ২৬ অধ্যায়ে বিভক্ত। ৪২৩টি গাথা এই মূল গ্রন্থে আছে।

ধম্মপদট্ঠকথা

ধম্মপদের অ ট্ঠ ক থা খানি খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর প্রারম্ভে অনুবুদ্ধ বুদ্ধঘোষ স্থবির কর্ত্তৃক লিখিত হয়। খ্রীষ্টীয় ৪১০—৪৩২ অব্দে মহানাম নামক পণ্ডিত ম হা বং স নামে সিংহলের এক ইতিহাস রচনা করেন। প্রথম ৩৭ অধ্যায় মহানামের রচিত। এই ৩৭ অধ্যায়ে বর্ণিত আছে, "বুদ্ধঘোষ মগধ হইতে সিংহলের অন্তর্গত অনুরাধাপুর নগরে গমন করেন এবং সিংহলীয় অ ট্ঠ ক থা হইতে পালি ভাষায় ইহার অনুবাদ করেন।"

লঙ্কাদ্বীপে বুদ্ধশাসন প্রতিষ্ঠাতা মহামহীন্দ স্থবির খৃষ্টপূর্ব্ব ২৪১ অব্দে সিংহলী ভাষায় ত্রিপিটকের যে ব্যাখ্যা লিখিয়া গিয়াছেন, উহা অবলম্বন করিয়া বুদ্ধঘোষ স্থবির ধ ম্ম প দ ট্ঠ ক থা পালি ভাষায় পরিবর্ত্তন করেন। তাই স্বীয় রচিত গাথায় গ্রন্থারম্ভে প্রকাশ করিয়াছেন যে—"সিংহলী ভাষায় ইহার অ ট্ঠ ক থা থাকাতে বিভিন্ন দেশীয় লোকের উপকারে আসিতেছে না, আমি কুমার কশ্যপ স্থবির কর্ত্তৃক প্রার্থিত হইয়া ইহা বিশুদ্ধ মাগধী ভাষায় পরিবর্ত্তনে অগ্রসর হইলাম।"

কেহ কেহ বলেন, ধ ম্ম প দ ট্ঠ ক থার প্রণেতা মহানাম বর্জার সমসাময়িক। কেহ বলেন তাঁহার পরবর্ত্তী কালে অন্য বুদ্ধঘোষ কর্ত্তৃক ইহা পরিবর্ত্তিত হইয়াছে। ইহা পণ্ডিতগণের বিবেচ্য।

এই মাগধী ভাষা সম্বন্ধে পূর্ব্ববর্ত্তী পণ্ডিতগণের বহু মতানৈক্য দৃষ্ট হয়। কোন কোন পণ্ডিতগণের মতে মাগধী ভাষা মূ ল ভা ষা নামে অভিহিত। কারণ আদি কল্পোৎপন্ন মনুষ্যগণ, ব্রহ্মগণ, সম্বুদ্ধগণ এবং যাহারা কোন বাক্যলাপ শ্রবণ করে নাই, এতাদৃশ ব্যক্তিগণ যাহাদ্বারা কথা বলিয়া থাকেন সেই মাগধী ভাষাই মূ ল ভা ষা। তাই গাথায় বর্ণিত হইয়াছে :—

"সা মাগধী মূল ভাসা নরা য়ায়াদিকপ্পিকা,
ব্রহ্মানো চ-সুস্থতালাপা সম্বুদ্ধাচাপি ভাসবে ।"

ইহা আবাব মগধ বাজ্যের ব্যবহৃত ভাষা বলিয়াও মা গ ধী ভা ষা নামে প্রকাশিত। কিন্তু ইহাব বিশুদ্ধতা ও কোমলতা ছিল না বলিয়া দে শী য় মা গ ধী নামে কথিত। বুদ্ধেব উৎপত্তিব পূর্ব্বে ও সময়ে লোকজন যদিও এই ভাষায় আলাপ সালাপ কবিত, তাহা বুদ্ধ ও শ্রাবকগণেব ভাষার ন্যায় সুমার্জ্জিত নহে। বুদ্ধ ও শ্রাবকগণ যেই মাগধী ভাষা ব্যবহার করিতেন, তাহা শ্রুতি মধুর ও লালিত্য গুণ বিধায় শু দ্ধ মা গ ধী নামে কথিত। এই যে পালি নামধেয় মাগধীভাষা উহা মুখ্যতঃ সম্যকসম্বুদ্ধ-বর্ণিত ধম্ম বিনয়েব ভাষা বলিয়া বু দ্ধ ভা ষা নামেও অভিহিত।

কোন কোন পণ্ডিতেব মতে পা টি পাটি বা পঙ্‌ক্তি ক্রমে বুদ্ধ প্রমুখ শ্রাবকগণেব দেশনায় সমাগতা ভাষাই পা লি ভাষা নামে প্রসিদ্ধ লাভ করি য়াছে। কেহ কেহ মগধ পল্লীব ভাষা বলিয়াও পা লি ভা ষা আখ্যা দিয়া থাকেন।

বুদ্ধ পরম্পবা ত্রিপটক গ্রন্থের টীকা, অনুটীকা যোজনা প্রভৃতি গ্রন্থ ধাবাবাহিক রূপে যে ভাষায় লিখিত হইষাছে ঐ ভাষাকে মা গ ধী পা লি বলিয়া কথিত হয়। কোন কোন সংস্কৃতাচার্য্য গণের গ্রন্থেও পালি শব্দের প্রয়োগ দেখা যায়। এ সম্বন্ধে শ্রীযুত বিধু শেখব শাস্ত্রী তাঁহাব প্রণীত পালি প্রকাশ ব্যাকরণেব প্রবেশক খণ্ডে বহু গবেষণা পূর্ণ তথ্য দিয়াছেন। সে যাহাই হউক বুদ্ধের নির্ব্বাণেব ২৪৭৭ বৎসর পর্য্যন্ত পালি বিশাবদ আচার্যগণ বুদ্ধলীলায় বর্ণিত শু দ্ধ মা গ ধী ভাষাকে আজ পর্য্যন্ত শ্রেষ্ঠাসন দান কবিযা আসিতেছেন।

থেরেন বুদ্ধঘোসেন ধীমতা বচিতা অয়ং,
ধম্মপদট্‌ঠকথা চ সোদত্তাভিধানক।
সত্তেবীস চতুসতা চতুসচ্চ বিভাবিনা,
তাসং অট্‌ঠকথং এতং কবোন্তেন সুনিম্মলং,
দ্বাসত্ততি পমানায ভাণবারেহি পালিয়া।

পূর্ব্বোক্ত ২৯৯টি উপাখ্যানে মূল গাথার সংখ্যা ৪২৩টি, উপগাথার সংখ্যা ২৯৫টি। লঙ্কাধিপতি শীলামেঘ বর্ণাভয় কশ্যপ সিংহলী ভাষায় এই ধ ম্ম প দ ট্ঠ ক থা র একখানি **গণ্ঠিপদত্থবণ্ণনা** সম্পাদন করাইয়াছিলেন। কিন্তু ইহার পূর্ব্বে শ্রীমৎ ধর্ম্মসেন স্থবির ব ত না ব লী নামে ধম্মপদট্ঠকথার এক সিংহলী ভাষ্য প্রণয়ন করিয়াছিলেন। এই ব ত না ব লী হইতেই ধম্মপদট্ঠকথা লিখিত হইয়াছে বলিয়া প্রাচীন পণ্ডিতগণ বলিয়া থাকেন কিন্তু ভা র থ স্থ দ নী নামে একখানি সিংহলী ভাষ্য ছিল বলিয়া কোন কোন পণ্ডিতগণ বলিয়া থাকেন।

যিনি যেরূপ অভিমত পোষণ করুন না কেন, কিন্তু আমরা মহামনস্বী আচার্য্য অনুবুদ্ধ বুদ্ধঘোষের প্রতি কৃতজ্ঞতা জানাইতেছি। তিনি এই উপাখ্যানগুলি এমন প্রাঞ্জল ভাষায় ভাবসম্পদে পূর্ণ করিয়া রচনা চাতুর্য্য প্রদর্শন করিয়াছেন যে পালিভাষাভিজ্ঞ পণ্ডিত মাত্রেই তাঁহার নিকট ঋণী থাকিবেন। এতগুলি নীতি বিষয়ক উপাখ্যানের সমষ্টি অন্যত্র বিরল বলিলেও অত্যুক্তি হয় না। বৌদ্ধ প্রধান দেশে পালি শিক্ষার্থীরা সর্ব্বপ্রথম এই গ্রন্থ পড়িয়া পালি সাহিত্য অধ্যয়নে রত হয়। দুঃখের বিষয় ভারতীয় কোন ভাষায় এই গ্রন্থের মূল কিম্বা অনুবাদ এখনও প্রকাশিত হয় নাই। আমি এই মহৎ অভাব পরিপূর্ণ করিবার জন্য ব্রতী হই, যখন আকিয়াব বৌদ্ধ বিহারে অবস্থান করি, তখন অন্যান্য গ্রন্থ প্রকাশে ব্যস্ত থাকায় আমার সেই আশা চাপিয়া যায়। আবার যখন কলিকাতায় ধর্ম্মাঙ্কুর বিহারে অবস্থান করি, তখন আমার এই গ্রন্থ প্রকাশের ইচ্ছা বলবতী হয়। পুনরায় মিলিন্দপ্রশ্ন অনুবাদের ভার আমার উপর ন্যস্ত হওয়ায় ধম্মপদট্ঠকথার অনুবাদ ভার আমার প্রিয় শিষ্য শ্রীমান শীলালঙ্কারের উপর অর্পন করি। তাহার অক্লান্ত পরিশ্রমে· ·· ·· আজ ধম্মপদট্ঠকথার যমক বর্গ মাত্র বাঙ্গালী পাঠকদের হাতে অর্পিত হইল।

আষাঢ়ী পূর্ণিমা
বিদর্শনারাম
কানাইমাদারী
২৫। ৭। ৩৪ইং

শ্রীপ্রজ্ঞালোক স্থবির

ধম্মপদট্ঠকথা।

নমো তস্স ভগবতো অরহতো
সম্মা সম্বুদ্ধস্স

মহামোহ তমোনদ্ধে লোকে লোকান্ত দস্সিনা,
যেন সদ্ধম্ম পজ্জোতো জালিতো জলিতিদ্ধিনা।
তস্স পাদে নমস্সিত্বা সম্বুদ্ধস্স সিরীমতো,
সদ্ধম্মঞ্চস্স পূজেত্বা কত্বা সঙ্ঘস্স চ ঞ্জলিং।
তং তং কাবণমাগম্ম ধম্মা ধম্মেসু কোবিদো,
সম্পত্ত সদ্ধম্মপদো সত্থা ধম্মপদং সুভং।

ধর্ম্মপদ-অর্থকথা

সেই ভগবান অর্হৎ সম্যক্ সম্বুদ্ধকে নমস্কার।

(১-২) মহামোহ তমাচ্ছন্ন বিশ্বে সমুজ্জ্বল ঋদ্ধি প্রভাবে যেই লোকান্তদর্শী-কর্ত্তৃক সদ্ধর্ম্ম প্রদীপ প্রজ্বলিত হইয়াছে, সেই শ্রীমান্ সম্বুদ্ধের পাদপদ্মে নমস্কার, সদ্ধর্ম্মকে পূজা ও সংঘকে যুক্তাঞ্জলি করি।

(৩-৪) সেই সেই কারণ উপলক্ষে ধর্ম্মাধর্ম্মে অভিজ্ঞ, সদ্ধর্ম্ম পদ (লক্ষ্য) সম্প্রাপ্ত শাস্তা করুণাবেগ-সমুৎসাহিত হৃদয়ে দেব মানবগণের প্রীতি ও আনন্দ বর্দ্ধক যেই শুভ ধর্ম্মপদ উপদেশ করিয়াছেন,

দেসেসি করুণাবেগ সমুস্সাহিত মানসো.
যং বে দেবমনুস্সানং পীতি-পামোজ্জ বদ্ধনং।
পবম্পবাভতা তস্স নিপুণা অথবণ্ণনা,
য়া তম্বপণ্ণি দীপম্হি দীপভাসায সঙ্গিতা।
ন সাধয়তি সেসানং সত্তানং হিতসম্পদং.
অপ্পেবনাম সাধেয়্য সব্বলোকস্স সা হিতং।
ইতি আসিংসমানেন দন্তেন সমচাবিনা,
কুমাবকস্সপেনাহং থেবেন থিরচেতসা।
সদ্ধম্মট্ঠিতিকামেন সক্কচ্চং অভিযাচিতো.
তং ভাসং অতিবিত্থাব গম্ভীরঞ্চ বচনক্কমং।
পহায়ারোপযিত্বান তন্তি ভাসং মনোবমং.
গাথানং ব্যঞ্জনপদং যং তত্থ ন বিভাবিতং।
কেবলং তং বিভাবেত্বা সেসং তমেব অত্থতো,
ভাসন্তবেন ভাসিস্সং আবহন্তো বিভাবিনং:
মনসো পীতিপামোজ্জং অত্থধম্মুপনিস্সিতন্তি।

---

(৫) সেই ধর্ম্মপদের যে নিপুণ-অর্থ বর্ণনা আচার্য্য পবম্পরা আহরিত হইয়াছে, যাহা তাম্রপাণি [সিংহল] দ্বীপে দ্বীপ ভাষায় অবস্থিত,

(৬) যাহা অপর জনগণের হিত-সম্পদ সাধন করে না, তাহা নিশ্চিত রূপে সমগ্র বিশ্বের হিত সাধন করুক।

(৭-১০) এই আকাঙ্খায় অনুপ্রাণিত হইয়া স্থির চিত্ত, দান্ত, সদাচারী ও সদ্ধর্ম্মস্থিতিকামী স্থবির কুমার কাশ্যপ দ্বারা সগৌরবে অনুরুদ্ধ হইয়া আমি,সেই ভাষা এবং অতি বিস্তৃত বাচন প্রণালী পরিহার পূর্ব্বক মনোরম পালিভাষায় আরোপ করিয়া গাথা সমূহের যে সকল ব্যঞ্জন পদ তথায় বিভাবিত হয় নাই, কেবল তাহা প্রকাশ করিব। অবশিষ্ট অর্থ হিসাবে তদ্রূপই থাকিবে। আমি বিজ্ঞদের মনের অর্থ ও ধর্ম্ম-সংযুক্ত প্রীতি ও আনন্দ আবাহন করিয়া ভাষান্তরে বর্ণনা করিব।

যমক বগ্গ। ১

চক্খুপালত্থের বত্থু। ১

"মনোপুব্বঙ্গমা ধম্মা মনোসেট্ঠা মনোময়া,
মনসা চে পদুট্ঠেন ভাসতি বা করোতি বা,
ততো নং দুক্খমন্বেতি চক্কং'ব বহতো পদং" তি।

অয়ং ধম্মদেসনা কত্থ ভাসিতা'তি? সাবত্থিয়ং।
কং আরব্ভা'তি? চক্খুপালত্থেরং।

যমক বর্গ। ১

চক্ষুপাল স্থবিরের উপাখ্যান। ১

মনঃপূর্ব্বঙ্গম ধর্ম্মচয়,
মনঃশ্রেষ্ঠ মনোময়;
দোষযুক্ত মনে যদি কোন একজন,
বলে কোন কথা কিছু করে বা করয়,
শকটের চক্র যথা বৃষ পদে ধায়,
দুঃখ তার অবিরাম পাছে পাছে যায়।

এই ধর্ম্মোপদেশ কোথায় বলা হইয়াছিল? শ্রাবস্তীতে। কাহাকে উপলক্ষ করিয়া? চক্ষুপাল স্থবিরকে।

১। সাবত্থিযং কির মহাসুবণ্ণো নাম কুটুম্বিকো অহোসি অড্ঢো মহদ্ধনো মহাভোগো অপুত্তকো। সো একদিবসং নহানতিত্থং গন্ত্বা নহাত্বা আগচ্ছন্তো অন্তবামগ্গে সম্পন্নসাখং একং বনস্পতিং[১] দিস্বা "অযং মহেসক্খায় দেবতায অধিগ্গহীতো ভবিস্সতী"তি। তস্স হেট্ঠাভাগং সোধাপেত্বা পাকারপবিক্খেপং কারাপেত্বা বালিকং[২] ওকিরাপেত্বা ধজপতাকং উস্সাপেত্বা বনস্পতিং অলঙ্কবিত্বা "পুত্তং বা ধীতরং বা লভিত্বা তুম্হাকং মহাসক্কারং করিস্সামী"তি পত্থনং কত্বা পক্কামি।

২। অথস্স ভরিয়ায় কুচ্ছিয়ং গব্ভো পতিট্ঠাসি। সা গব্ভস্স পতিট্ঠিতভাবং ঞত্বা তস্স আরোচেসি। সো তস্সা গব্ভ পরিহারং অদাসি।

১। শ্রাবস্তীতে মহাসুবর্ণ নামে এক মহাধনী, মহাভোগী, ধনাঢ্য কুটুম্বিক ছিলেন। তিনি ছিলেন অপুত্রক। একদিন তিনি স্নানতীর্থে গমন পূর্ব্বক স্নান করিয়া আসিবার সময় পথিমধ্যে শাখাসম্পন্ন এক বনস্পতি[৩] দেখিতে পাইলেন। "এই বৃক্ষটিকে হয়ত কোন শক্তিমান দেবতা আশ্রয করিয়া থাকিবেন," এই ভাবিয়া তিনি ইহার তলদেশ পরিষ্কার করাইলেন, চারিদিকে প্রাকার বেষ্টনী করাইয়া দিলেন, বালি বিকীর্ণ করাইলেন এবং ধ্বজাপতাকা উত্তোলন করাইলেন, বনস্পতিকে সমলঙ্কৃত করিয়া "পুত্র বা কন্যা লাভ করিলে আপনার মহাসৎকার করিব।" এইরূপ প্রার্থনা করিয়া প্রস্থান করিলেন।

২। অনন্তর তাঁহার ভার্য্যা অন্তঃসত্ত্বা হইলেন। ভার্য্যা গর্ভ সঞ্চার হইয়াছে জানিয়া তাঁহাকে কহিলেন। তিনি তাঁহার গর্ভ পরিচর্য্যার ব্যবস্থা করিয়া দিলেন।

১। ম—বনপ্পতিং। ২। ম—বালুকং।

৩। পুষ্পহীন ফলদ বৃক্ষ, মহাদ্রুম।

সা দসমাসচ্চয়েন পুত্তং বিজায়ি। সেট্ঠি অত্তনা পালিতং বনস্পতিং নিস্সায় লদ্ধত্তা তস্স 'পালিতো'তি নামং অকাসি। অপরভাগে অঞ্ঞং পুত্তং লভি। তস্স 'চুল্লপালো'তি নামং কত্বা ইতরস্স 'মহাপালো'তি নামং অকরি। তে বযপ্পত্তে ঘববন্ধনেন বন্ধিংসু।

৩। তস্মিং সমযে সত্থা পবত্তববধম্মচক্কো অনুপুব্বেনা-গন্ত্বা অনাথপিণ্ডিকেন মহাসেট্ঠিনা চতুপণ্ণাস কোটি ধনং বিস্সজ্জেত্বা কারিতে জেতবন মহাবিহাবে বিহরতি মহাজনং সগ্গমগ্গে চ মোক্খমগ্গে চ পতিট্ঠাপয়মানো। তথাগতো হি মাতিপক্খতো[১] অসীতিযা পিতিপক্খতো অসীতিয়া'তি দ্বেঅসীতি ঞাতিকুল সহস্সেহি কাবিতে বিহাবে একমেব বস্সাবাসং বসি।

তিনি দশমাস পবে একটি পুত্র প্রসব করিলেন। শ্রেষ্ঠী আপনাব প্রতিপালিত বনস্পতিব প্রসাদে পুত্র লাভের দরুণ তাব নাম বাখিলেন 'পালিত'। কিছু দিন পবে তিনি আর এক পুত্র লাভ কবিলেন। তাহার 'চুল্লপাল' নাম বাখিযা জ্যেষ্ঠের নাম পবিবর্ত্তন কবিয়া 'মহাপাল' বাখিলেন। তাহাবা প্রাপ্তবয়স্ক হইলে বিবাহসূত্রে আবদ্ধ হইলেন।

৩। তখন শাস্তা ধর্ম্মচক্র প্রবর্ত্তনেব পব ক্রমে নানাদেশ পর্য্যটন কবিয়া শ্রাবস্তীতে আসিয়াছিলেন। মহাশ্রেষ্ঠী অনাথপিণ্ডিক কর্ত্তৃক চুযান্ন কোটি মুদ্রা ব্যযে নির্ম্মিত জেতবন মহাবিহাবে জনগণকে স্বর্গমার্গে ও মোক্ষমার্গে প্রতিষ্ঠিত কবিতে কবিতে বাস কবিতেছিলেন। তথাগত মাতৃ পক্ষেব অশীতি সহস্র ও পিতৃ পক্ষেব অশীতি সহস্র, এই দ্বি অশীতি সহস্র জ্ঞাতিকুল দ্বারা নির্ম্মিত বিহাবে মাত্র এক বর্ষা বাস কবিয়াছিলেন।

১। ম—মাতুপক্থতো।

অনাথপিণ্ডিকেন কাবিতে জেতবন মহাবিহাবে একূনবীসতি, বিসাখায় সত্তবীসতি কোটিধন পবিচ্চাগেন কাবিতে পুব্বারামে ছ বস্‌সাবাসে'তি, দ্বিন্নং কুলানং গুণমহন্তুতং পটিচ্চ সাবত্থিং নিস্‌সায় পঞ্চবীসতি বস্‌সাবাসে বসি। অনাথপিণ্ডিকো'পি বিসাখা'পি মহাউপাসিকা নিবদ্ধং দিবসস্‌স দ্বেবাবে তথাগতস্‌স উপট্‌ঠানং গচ্ছন্তি। গচ্ছন্তা চ—"দহব সামণেবা নো হত্থে ওলোকেস্‌সন্তী"তি তুচ্ছহত্থা নাম ন গতপুব্বা। পুবেভত্তং গচ্ছন্তা খাদনীযাদীনি গাহাপেত্বাব গচ্ছন্তি, পচ্ছাভত্তং পঞ্চভেসজ্জানি অট্‌ঠ চ পানানি। নিবেসনেসু পন তেসং দ্বিন্নং[১] ভিক্খুসহস্‌সানং নিচ্চপঞ্ঞত্তানেবাসনানি হোন্তি. অন্নপান ভেসজ্জেসু

অনাথপিণ্ডিক নির্ম্মিত জেতবন বিহাবে ঊনবিংশতি বর্ষা, বিশাখা কর্ত্তৃক সপ্তবিংশতি কোটি মুদ্রা ব্যযে নির্ম্মিত পূর্ব্বাবাম বিহাবে ছয বর্ষা, এই দুই কুলেব গুণমহত্ত্বেব জন্য শ্রাবস্তীকে আশ্রয কবিয়া পঞ্চবিংশতি বর্ষাবাস করিযা-ছিলেন। অনাথপিণ্ডিক ও মহাউপাসিকা বিশাখা নিত্য দিবসে দুইবাব তথাগতেব সেবা করিতে যাইতেন। "তরুণ শ্রামণেব গণ কিছু প্রাপ্তিব আশায় আমাদেব হাতেব দিকে তাকাইবেন।" এই মনে করিযা তাঁহাবা যাইবাব সময় কখনও রিক্ত হস্তে যাইতেন না। পূর্ব্বাহ্ণে যাইবাব সময় অনেক খাদ্যদ্রব্য সঙ্গে লইয়া যাইতেন ও অপবাহ্ণে পঞ্চবিধ ভৈষজ্য * ও অষ্টবিধ † পানীয় লইযা যাইতেন। তাঁহাদেব দুইজনেব আবাসেও নিত্য দুই সহস্র ভিক্ষুর জন্য আসন প্রস্তুত থাকিত। অন্ন, পানীয় ও ভৈষজ্যেব মধ্যে

১। ম—দ্বিন্নং দ্বিন্নং

* ঘৃত, মাখন, তৈল, মধু ও গুড়।

† মধু, কিশ্‌মিশ্‌, শালুক, কাঁঠালীকলা, আঁটিকলা, আম, জাম ও পানীফল এই অষ্টবিধ ক্ষুদ্র জাতীয ফলের রস অগ্নিপক্ক না করিয়া ছাঁকিয়া ভিক্ষুরা ইচ্ছা করিলে বিকালে পান করিতে পারেন

যো যং ইচ্ছতি তস্‌স তং যথিচ্ছিতমেব সম্‌পজ্জতি। তেসু অনাথপিণ্ডিকেন একমেব দিবসম্পি সত্থা পঞ্‌হং অপুচ্ছিত পুব্বো। সো কিব—"তথাগতো বুদ্ধসুখুমালো খত্তিযসুখুমালো, উপকাবো মে গহপতী'তি মযহং ধম্মং দেসেন্তো কিলমেয্যা"তি সত্থবি অধিমত্ত সিনেহেন পঞ্‌হং ন পুচ্ছতি। সত্থা পন তস্মিং নিসিন্নমত্তে যেব "অযং সেট্‌ঠি মং অবক্‌খিতব্বট্‌ঠানে বক্‌খতি। অহং হি কপ্পসতসহস্‌সাধিকানি চত্তাবি অসংখেয্যানি অলঙ্কত-পটিযত্তং অত্তনো সীসং ছিন্দিত্বা অক্‌খীনি উপ্পাটেত্বা হদযমংসং উব্বত্তেত্বা[১] পাণসমং পুত্তদাবং পবিচ্চজিত্বা পাবমিয়ো পূরেন্তো পবেসং ধম্মদেসনত্থমেব পূবেসিং, এস মং অবক্‌খিতব্বট্‌ঠানে বক্‌খতী"তি—একং ধম্মদেসনং কথেতি যেব।

যিনি যাহা চাহিতেন তিনি তাহা যথেচ্ছা লাভ কবিতেন। তাঁহাদের মধ্যে অনাথপিণ্ডিক একদিনও শাস্তাকে প্রশ্ন জিজ্ঞাসা কবেন নাই। তিনি ভাবিতেন—"তথাগত বুদ্ধ সুকুমাব ক্ষত্রিয সুকুমাব হন, 'গৃহপতি আমাব উপকাবক' ইহা মনে কবিযা আমাকে ধর্ম্ম উপদেশ দিলে ক্লান্ত হইতে পাবেন।" এই মনে কবিযা শাস্তাব প্রতি স্নেহাধিক্য বশতঃ তিনি প্রশ্ন জিজ্ঞাসা কবিতেন না। কিন্তু তিনি বসিবা মাত্র "এই শ্রেষ্ঠী আমাকে অবক্ষণীযস্থানে বক্ষা কবিতেছে। আমি যে লক্ষাধিক চাবি অসংখ্য কল্পকাল নিজেব অলঙ্কৃত প্রতিমণ্ডিত শিব ছেদন কবিযা, চক্ষুযুগল উৎপাটন কবিয়া, হৃদয় মাংস ছিন্ন কবিযা ও প্রাণসম স্ত্রী-পুত্র পবিত্যাগ কবিযা পাবমী সমূহ পূর্ণ কবিযাছি, তাহা পবকে ধর্ম্মদেশনা কবিবাব জন্যই করিয়াছি। এই শ্রেষ্ঠী আমাকে অবক্ষণীয় স্থানে বক্ষা কবিতেছে।" শাস্তা ইহা চিন্তা কবিযা ধর্ম্মোপদেশ দিতেন।

১। ম—উপ্পাটেত্বা।

৪। তদা সাবত্থিযং সত্তমনুস্সকোটিযো বসন্তি। তেসু সত্থু ধম্মকথং সুত্বা পঞ্চকোটিমত্তা মনুস্সা অবিয়সাবকা জাতা, দ্বে কোটিমত্তা পুথুজ্জনা। তেসু অবিযসাবকানং দ্বেয়েব কিচ্চানি অহেসুং, পুবেভত্তং দানং দেন্তি, পচ্ছাভত্তং গন্ধমালাদিহত্থা বত্থ-ভেসজ্জ-পানকাদিং গাহাপেত্বা ধম্মসবণত্থায় গচ্ছন্তি।

৫। অথেকদিবসং মহাপালো অবিযসাবকে গন্ধমালাদিহত্থে বিহাবং গচ্ছন্তে দিস্বা "অযং মহাজনো কুহিং গচ্ছতী"তি পুচ্ছিত্বা "ধম্মসবণাযা"তি সুত্বা 'অহম্পি গমিস্সামী"তি গন্ত্বা সত্থাবং বন্দিত্বা পবিসপবিযন্তে নিসীদি।

৪। সেই সময় শ্রাবস্তীতে সাতকোটি লোক বাস কবিতেন। তাহাদেব মধ্যে পাঁচকোটি শাস্তাব ধর্ম্মোপদেশ শুনিযা আর্য্যশ্রাবক হইয়াছিলেন; দুইকোটি মাত্র পৃথক্‌জন * ছিল। আর্য্যশ্রাবকদেব এই দুইটি কর্ত্তব্য ছিল। ভোজনেব পূর্ব্বে আহার্য্য বস্তু দান দিতেন এবং আহাবান্তে বস্ত্র, ভৈষজ্য ও পানীযাদি সঙ্গে-নিয়া, গন্ধদ্রব্য ও মালাদি হস্তে কবিযা ধর্ম্মশ্রবণেব জন্য বিহাবে যাইতেন।

৫। একদিন মহাপাল দেখিলেন, বহু আর্য্যশ্রাবক গন্ধদ্রব্য ও পুষ্পমাল্য হস্তে বিহাবে যাইতেছেন। তিনি জিজ্ঞাসা কবিলেন—"এতলোক কোথায যাইতেছে?" প্রত্যুত্তবে শুনিলেন—"ধর্ম্মশ্রবণ কবিতে যাইতেছেন।" তাহা শুনিযা "আমিও যাইব" এইরূপ ইচ্ছা কবিযা বিহারে গিয়া শাস্তাকে বন্দনাপূর্ব্বক সমাগত জনমণ্ডলীব একপ্রান্তে উপবেশন কবিলেন।

---

* বাহারা নির্ব্বাণেব কোন স্তর প্রাপ্ত হয নাই।

৬। বুদ্ধা চ নাম ধম্মং দেসেন্তা সবণসীলপব্বজ্জাদীনং উপনিস্‌সযং ওলোকেত্বা অজ্ঝাসযবসেন ধম্মং দেসেন্তি। তস্মা তং দিবসং সত্থা তস্‌স উপনিস্‌সয়ং ওলোকেত্বা ধম্মং দেসেন্তো আনুপুব্বীকথং কথেসি; সেয্যথীদং—দানকথং সীলকথং সগ্‌গকথং কামানং আদীনবং ওকারং সংকিলেসং নেক্‌খম্মে চ আনিসংসং পকাসেসি। তং সুত্বা মহাপালো কুটুম্বিকো চিন্তেসি—"পরলোকং গচ্ছন্তং পুত্তধীতরো বা ভোগা বা নানুগচ্ছন্তি, সরীরম্পি অত্তনা সদ্ধিং ন গচ্ছতি, কিংমে ঘরাবাসেন? পব্বজিস্‌সামী"তি। সো দেসনা পরিযোসানে সত্থারং উপসংকমিত্বা পব্বজ্জং যাচি। অথ নং সত্থা "নত্থি তে কোচি আপুচ্ছিতব্বযুত্তকো ঞাতী"তি আহ।

"কনিট্‌ঠ ভাতা পন মে ভন্তে, অত্থী"তি।

৬। বুদ্ধগণ ধর্ম্মদেশনা করিবার সময় শ্রোতার শ্রবণ, শীল ও প্রব্রজ্যাদির উপনিশ্রয় (হেতু) অবলোকন করিয়াই তাহার অভিপ্রায় অনুসারে উপদেশ দিয়া থাকেন। তদ্ধেতু সেইদিন শাস্তা মহাপালের উপনিশ্রয় অবলোকন করিয়া ধর্ম্মদেশনা করিতে করিতে আনুপূর্ব্ব কথা কহিলেন, যথা—দানকথা, শীলকথা, স্বর্গকথা, কাম (গুণ) সমূহের দোষ, অপকারিতা ও ক্লেশ এবং নিষ্কামের উপকারিতার বিষয় বিবৃত করিলেন। তাহা শুনিয়া মহাপাল কুটুম্বিক ভাবিতে লাগিলেন—"পরলোক গমন কালে পুত্র, কন্যা কিংবা ভোগ-সম্পদ কিছুই সঙ্গে যায় না, শরীর ও নিজের সঙ্গে যায় না, গৃহবাসে আমার কি হইবে? আমি প্রব্রজ্যা গ্রহণ করিব।" দেশনাবসানে তিনি শাস্তার সমীপে যাইয়া প্রব্রজ্যা যাচ্ঞা করিলেন। শাস্তা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"তোমার কি বিদায় নিয়া আসার মত কোন আত্মীয় নাই?"

"ভন্তে! আমার কনিষ্ঠ ভাই আছে।"

"তেনহি তং আপুচ্ছা"তি।

৭। সো'সাধূ'তি সম্পটিচ্ছিত্বা সত্থারং বন্দিত্বা গেহং গন্ত্বা কণিট্‌ঠং পক্কোসাপেত্বা "তাত, যং ইমস্মিং কুলে সবিঞ্ঞাণকাবিঞ্ঞাণকং ধনং কিঞ্চি অত্থি সব্বন্তং তব ভারো, পটিপজ্জাহিনং" তি।

"তুমেহ পন কিং সামী"তি?

"অহং সত্থু সন্তিকে পব্বজিস্সামী"তি।

"কিং কথেসি ভাতিক! ত্বং মে মাতরি মতায মাতা বিয, পিতরি মতে পিতা বিয লদ্ধো; গেহে বো মহাবিভবো, সক্কা গেহং অজ্ঝাবসন্তেহেব পুঞ্ঞানি কাতুং, মা এবং অকত্থা"তি।

"তাত, ময়া সত্থু ধম্মদেসনা সুতা, সত্থারা হি সণ্‌হসুখুমং তিলক্খণং আরোপেত্বা আদিমজ্ঝপরিযোসানে কল্যাণধম্মো দেসিতো,

---

"তবে তাহার নিকট হইতে বিদায় নিয়া আস।"

৭। তিনি সাধুবাদের সহিত অনুমোদন করিয়া শাস্তাকে বন্দনা পূর্ব্বক গৃহে গমন করিলেন এবং কনিষ্ঠকে ডাকাইয়া কহিলেন— "ভাই, এই কুলে স্থাবর-জঙ্গম যাহা কিছু ধন আছে সেই সমস্তর ভার তোমার উপর, তুমি তাহা গ্রহণ কর।"

"দাদা, আপনি কি?"

"আমি শাস্তার নিকট প্রব্রজিত হইব।"

"কি বলিতেছেন দাদা। মাতার মৃত্যুতে আপনাকে মাতার ন্যায়, পিতার মৃত্যুতে পিতার ন্যায় পাইয়াছি। আপনার গৃহে মহাবিভব বর্ত্তমান। গৃহে বাস করিয়াও পুণ্য করা যায়, আপনি এইরূপ করিবেন না।"

"ভাই, আমি শাস্তার ধর্ম্মদেশনা শুনিয়াছি, তিনি সূক্ষ্মাণুসূক্ষ্ম ভাবে ত্রিলক্ষণ আরোপিত করিয়া আদি, মধ্য ও অবসানে কল্যাণময় ধর্ম্ম ব্যাখ্যা করিয়াছেন।

ন সক্কা সো আগাবমজ্ঝে বসন্তেন পূবেতুং, পব্বজিস্‌সামি তাতা"তি।

"ভাতিক, তরুণা পি চ তাবত্থ মহল্লককালে পব্বজিস্‌সথা"তি।

"তাত, মহল্লকস্‌স হি অত্তনো হত্থপাদাপি অনস্‌সবা হোন্তি ন বসে বত্তন্তি, কিমঙ্গপন ঞাতকা। স্বাহং তব বচনং নকবোমি, সমণপটিপত্তিং পূবেস্‌সামী"তি।

"জবাজজ্জবিতা হোন্তি হত্থপাদা অনস্‌সবা,
যস্‌স সো বিহতত্থামো কথং ধম্মং চবিস্‌সতী"তি।

"পব্বজিস্‌সামেবাহং তাতা"তি তস্‌স বিববন্তস্‌সেব সত্থু সন্তিকং গন্ত্বা পব্বজ্জং যাচিত্বা লদ্ধপব্বজ্জূপসম্পদো আচবিযুপজ্ঝাযানং সন্তিকে পঞ্চবস্‌সানি বসিত্বা

গৃহে থাকিযা তাহা পালন কবা যায না, আমি প্রব্রজিত হইব, ভাই।"

"দাদা, এখনও আপনি তরুণ, পবিণত বযসে প্রব্রজিত হইবেন।"

"বৎস, বৃদ্ধেব আপন হস্তপদও অনধীন হয, বশে থাকে না, জ্ঞাতিগণেব আব কথাই বা কি। তাই আমি তোমাব কথা বক্ষা কবিব না, শ্রমণব্রত পবিপূর্ণ কবিব।"

"যাহার জবাজর্জ্জবিত হস্তপদ অকর্ম্মণ্য ও শক্তিহীন হয়,
সে কি প্রকাবে ধর্ম্ম আচবণ কবিবে?

"বৎস, নিশ্চয আমি প্রব্রজিত হইব।" কনিষ্ঠেব বোদন সত্ত্বেও তিনি শাস্তাব নিকট যাইযা প্রব্রজ্যা যাচ্ঞা কবিলেন এবং প্রব্রজ্যা ও উপসম্পদা লাভ করিয়া আচার্য্য ও উপাধ্যাযেব নিকট পাঁচ বৎসর বাস কবিলেন।

বুত্থবস্‌সো পবাবেত্বা সত্থাবং উপসঙ্কমিত্বা বন্দিত্বা পুচ্ছি—"ভন্তে, ইমস্মিং সাসনে কতি ধুবানী"তি ?

"গন্থধুবং বিপস্‌সনাধুবন্তি দ্বে যেব ধুবানি ভিক্‌খূ"তি।

"কতমং পন ভন্তে, গন্থধুবং, কতমং বিপস্‌সনাধুরং"তি ?

"অত্তনো পঞ্‌ঞানুরূপেন একং বা দ্বে বা নিকায়ে, সকলং বা পন তেপিটকং বুদ্ধবচনং উগ্‌গণ্‌হিত্বা তস্‌স ধারণং কথনং বাচনন্তি ইদং গন্থধুবং নাম। সল্লহুকবুত্তিনো পন পন্থসেনাসনাভিরতস্‌স অত্তভাবে খযবয়ং পট্‌ঠপেত্বা সাতচ্চকিরিযবসেন বিপস্‌সনং বড্‌ঢেত্বা অরহত্তগহণন্তি ইদং বিপস্‌সনাধুবং নামা"তি।

অনন্তর তিনি বর্ষাবাস[১] শেষ করিয়া প্রবারণার[২] পর শাস্তার নিকট গমন করিলেন এবং তাঁহাকে বন্দনা করিয়া জিজ্ঞাসা করিলেন—"ভন্তে এই শাসনে কয়টি ধুব ?'

"গ্রন্থধুব ও বিদর্শনধুব দুইধুব, ভিক্ষু।"

"ভন্তে। গ্রন্থধুব ও বিদর্শনধুব কি ?"

"নিজের জ্ঞান অনুসারে এক বা দুই নিকায় বা সমগ্র ত্রিপিটক বুদ্ধবচন শিক্ষা করিয়া, তাহার ধারণ, কথন ও শিক্ষাদানের নাম গ্রন্থধুব। লঘুবৃত্তি সম্পন্ন হইয়া গ্রামের প্রান্তসীমাস্থ বিশ্রামস্থানে বাস করিয়া আপনার শরীরে ক্ষয়ব্যয়ের ভাব অবলোকন করা এবং সততক্রিয়াবশে বা অদম্য উৎসাহে বিদর্শন বাড়াইয়া অর্হত্ত্ব লাভের নাম বিদর্শনধুব।"

১। আষাঢ়ী পূর্ণিমা হইতে আশ্বিনী পূর্ণিমা পর্য্যন্ত এই তিন মাস ভিক্ষুদের বর্ষাবাসের সময়

২। দোষ হইলে বলিবার জন্য অপরকে আরাধনা করা।

"ভন্তে, অহং মহল্লককালে পব্বজিতো গন্থধুবং পূবেতুং ন সক্‌খিস্‌সামি বিপস্‌সনাধুবং পন পূবেস্‌সামি কম্মট্‌ঠানম্মে কথেথা"তি।

৮। অথস্‌স সত্থা যাব অরহত্তা[১] কম্মট্‌ঠানং কথেসি। সো সত্থারং বন্দিত্বা অত্তনা সহগামিনো ভিক্‌খূ পবিয়েসন্তো সট্‌ঠি ভিক্‌খূ লভিত্বা তেহি সদ্ধিং নিক্‌খমিত্বা বীসংযোজনসতং মগ্‌গং গন্ত্বা একং মহন্তং পচ্চন্তগামং পত্বা তত্থ সপবিবারো পিণ্ডায পাবিসি। মনুস্‌সা বত্তসম্পন্নে ভিক্‌খূ দিস্বা পসন্নচিত্তা আসনানি পঞ্‌ঞাপেত্বা নিসীদাপেত্বা পণীতেনাহারেন পবিবিসিত্বা "ভন্তে, কুহিং অয্যা গচ্ছন্তী"তি পুচ্ছিত্বা "যথা ফাসুকট্‌ঠানং উপাসকা"তি

"ভন্তে, আমি অধিক বয়সে প্রব্রজ্যা নিযাছি, গ্রন্থধুব পূর্ণ কবিতে পাবিব না, বিদর্শন ধুরই পূর্ণ কবিব, আমাকে 'কর্ম্মস্থান' † সম্বন্ধে বলুন।"

৮। অতঃপব ভগবান তাঁহাকে অবহত্ব কর্ম্মস্থান পর্য্যন্ত বলিলেন। তিনি শাস্তাকে বন্দনা কবিয়া তাঁহাব সহগামী ভিক্ষু আছেন কি না অন্বেষণ কবিলেন। ষাটজন ভিক্ষু তাঁহাব সহগামী হইলেন, তিনি তাঁহা-দেব সহিত নিষ্ক্রমণ কবিলেন। তাঁহাবা ১২০ যোজন পথ অতিক্রম পূর্ব্বক এক বৃহৎ প্রত্যন্ত গ্রামে উপনীত হইযা তথায় ভিক্ষাব জন্য প্রবেশ করিলেন। লোকেরা নিয়মপবায়ণ ভিক্ষুদিগকে দেখিয়া প্রসন্ন মনে আসন সজ্জিত করাইলেন এবং তাঁহাদিগকে বসাইয়া উপাদেয আহাব পবিবেশন কবিয়া জিজ্ঞাসা কবিলেন—"ভন্তে আর্য্যগণ। আপনাবা কোথায় যাইতেছেন?"

"সুবিধা জনক স্থানে, উপাসকগণ।"

১। ম—অরহত্তং।

† ভাবনা।

বুত্তে পণ্ডিতমনুস্সা বস্সাবাসং সেনাসনং পরিয়েসন্তি ভদন্তা'তি ঞত্বা "ভন্তে, সচে অয্যা ইমং তেমাসং ইধ বসেয্যুং মযং সরণেসু পতিট্ঠায সীলানি গণ্হেয্যামা"তি আহংসু। তেপি "মযং ইমানি কুলানি নিস্সায ভবনিস্সরণং করিস্সামা"তি অধিবাসেসুং। মনুস্সা তেসং পটিঞ্ঞং গহেত্বা বিহারং পটিজগ্গিত্বা বত্তিট্ঠান দিবাট্ঠা-নানি সম্পাদেত্বা অদংসু। তে নিবদ্ধং তমেব গামং পিণ্ডায় পবিসন্তি। অথ তে একো বেজ্জো উপসংকমিত্বা "ভন্তে, বহুন্নং বসনট্ঠানে অফাসুকম্পি নাম হোতি, তস্মিং উপ্পন্নে মযহং কথেয্যাথ, ভেসজ্জং করিস্সামী"তি পবারেসি। থেরো বস্সুপনাযিক দিবসে

এইরূপ বলিলে বুদ্ধিমানেরা বুঝিলেন যে ভিক্ষুরা বর্ষাবাসের উপ-যোগী বাসস্থানের অন্বেষণ করিতেছেন। তখন তাঁহারা বলিলেন—"ভন্তে আর্য্যগণ। আপনারা যদি এই তিন মাস এখানে বাস করেন, তবে আমরা শরণে প্রতিষ্ঠিত হইয়া শীল গ্রহণ করিব।" ভিক্ষুরাও এই মনে করিয়া তাঁহাদের প্রস্তাবে সম্মত হইলেন যে "এই কুল সমূহের আশ্রয়ে থাকিয়া আমরা ভবদুঃখের অবসান করিব।" লোকেরা তাঁহাদের প্রতিশ্রুতি গ্রহণ করিয়া বিহার সংস্কার করিয়া রাত্রি স্থান, দিবা স্থান সম্পাদন করিয়া দিলেন। তাঁহারা নিত্যই সেই গ্রামে পিণ্ডের জন্য প্রবেশ করিতেন। অনন্তর এক বৈদ্য আসিয়া তাঁহাদিগকে কহিলেন—"ভন্তে, বহুজন একত্রে বাস করিতে গেলে অসুখাদি হইয়া থাকে, আপনাদের অসুখ হইলে আমাকে বলিবেন, আমি ঔষধ দিব," এই বলিয়া নিমন্ত্রণ করিলেন। স্থবির মহাপাল বর্ষাবাস আরম্ভ দিবসে

তে ভিক্‌খূ আমন্তেত্বা পুচ্ছি—"আবুসো ইমং তেমাসং কতীহি ইবিযাপথেহি বীতিনামেস্‌সথা"তি ?

"চতূহি ভন্তে"তি।

"কিং পনেতং আবুসো, পতিরূপং ? ননু অপ্পমত্তেহি ভবিতব্বং ? মযং হি ধবমানস্‌স বুদ্ধস্‌স সন্তিকে[১] কম্মট্‌ঠানং গহেত্বা আগতা, বুদ্ধা চ নাম ন সক্কা সাঠেয্যেন আবাধেতুং, কল্যাণজ্ঝাসযেন হেতে আবাধেতব্বা। পমত্তস্‌স চ নাম চত্তাবো অপাযা সকগেহ সদিসা, অপ্পমত্তা হোথাবুসো"তি।

"তুম্‌হে পন ভন্তে"তি ?"

"অহং তীহি ইরিযাপথেহি বীতিনামেস্‌সামি, পিট্‌ঠিং

সেই ভিক্ষুদিগকে আহ্বান কবিয়া জিজ্ঞাসা কবিলেন—"আবুস, † তোমবা এই তিন মাস কয 'ইর্য্যাপথে' * অতিবাহিত কবিবে ?"

"চাবি ইর্য্যাপথে, ভন্তে।"

"আবুস, ইহা কি সমীচীন ? অপ্রমত্ত হওয়া উচিত নহে কি ? আমবা জীবন্ত বুদ্ধেব নিকট কর্ম্মস্থান নিয়া আসিযাছি, বুদ্ধগণকে শঠতাদ্বাবা আবাধনা কবা যায় না, কল্যাণ অভিলাষ দ্বাবাই তাঁহাদেব আবাধনা কবিতে হয়। প্রমত্তেব পক্ষে চাবি অপায × স্বীয় গৃহ সদৃশ হয়, তোমবা অপ্রমত্ত হও, আবুস।"

"ভন্তে। আপনি ?"

"আমি তিন ইর্য্যাপথে অতিবাহিত করিব, পৃষ্ঠ

১। ম—সন্তিকা।

† ভিক্ষুদেব মধ্যে বয়কনিষ্ঠের প্রতি আহ্বান, বন্ধু।

* শয়ন, উপবেশন, গমন ও দাঁড়ান এই চারি অবস্থাকে ইর্য্যাপথ বলে।

× নরক, তির্য্যগ্‌, প্রেত ও অসুর লোক।

ন পসাবেস্‌সামি আবুসো”তি।

“সাধু ভন্তে, অপ্পমত্তা হোথা”তি।

৯। থেবস্‌স নিদ্দং অনোক্কমন্তস্‌স পঠমমাসে অতিক্কন্তে অক্‌খিবোগো উপ্পজ্জি, ছিদ্দঘটতো উদকধাবা বিয অক্‌খীহি ধাবা পগ্‌ঘবন্তি। সো সব্ববত্তিং সমণধম্মং কত্বা অরুণুগ্‌গমনে গন্ত্বং পবিসিত্বা নিসীদি। ভিক্‌খু ভিক্‌খাচাববেলায থেবস্‌স সন্তিকং উপসংকমিত্বা “ভিক্‌খাচাববেলাযং ভন্তে”তি আহংসু।

“তেনহাবুসো গণ্‌হথ পত্তচীববং”তি অত্তনো পত্তচীববং গাহাপেত্বা নিক্‌খমি। ভিক্‌খূ তস্‌স অক্‌খী পগ্‌ঘবন্তে দিস্বা “কিমেতং ভন্তে”তি পুচ্ছিংসু।

“অক্‌খী মে আবুসো, বাতা বিজ্ঝন্তী”তি।

প্রসাবিত কবিব না আবুস।’

“সাধু ভন্তে, অপ্রমত্ত হউন।”

৯। স্থবিব নিদ্রা যাইতেন না, তাই প্রথম মাস অতিক্রান্ত হইলেই তাঁহাব চক্ষুবোগ উৎপন্ন হইল। ছিদ্রঘট হইতে জলধাবাব ন্যায চক্ষু যুগল হইতে অশ্রুধাবা বহিতে লাগিল। তিনি সারাবাত্রি শ্রমণধম্ম অনুষ্ঠান কবিয়া অরুণোদয়েব সময কক্ষে প্রবেশ পূর্ব্বক উপবেশন কবিলেন। ভিক্ষুগণ ভিক্ষায বাহিব হইবাব সময় হইলে স্থবিবেব নিকট গমন কবিয়া কহিলেন—“ভন্তে, ভিক্ষাব সময হইযাছে।”

“তাহা হইলে আবুস, পাত্র-চীবব গ্রহণ কব” এই বলিয়া তিনি নিজের পাত্র-চীবব গ্রহণ কবাইযা বাহিব হইলেন। ভিক্ষুগণ তাঁহাব সজলধাব-চক্ষু দেখিযা জিজ্ঞাসা কবিলেন—“ভন্তে, এ কি?”

“আবুস, আমাব চক্ষু বাযুবিদ্ধ হইয়াছে।”

"নন্থু ভন্তে, বেজ্জেনম্‌হা পবারিতা? তস্‌স কথেমা"তি।

"সাধাবুসো"তি।

১০। তে বেজ্জস্‌স কথয়িংসু। সো তেলং পচিত্বা পেসেসি। থেরো নাসায় তেলং আসিঞ্চন্তো নিসিন্নকোব আসিঞ্চিত্বা অন্তো-গামং পাবিসি। বেজ্জো দিস্বা আহ—"ভন্তে, অয়্যাস্‌স কির অক্‌খী বাতো বিজ্ঝ"তি?

"আম উপাসকা"তি।

"ভন্তে, মযা তেলং পচিত্বা পেসিতং, নাসায় বো আসিত্তং"তি?

"আম উপাসকা"তি।

"ইদানি কীদিসং"তি?

"ঋজতেব উপাসকা"তি।

"ভন্তে, বৈদ্য আমাদের চিকিৎসাব জন্য নিমন্ত্রণ কবিয়াছিলেন নহে কি? তাঁহাকে আমরা বলিব।"

"সাধু আবুস।"

১০। ভিক্ষুবা বৈদ্যকে কহিলেন। তিনি তৈলপাক করিয়া পাঠাইলেন। স্থবিব উপবিষ্ট অবস্থায় নাসিকায় তৈল সিঞ্চন করিয়া গ্রামে প্রবেশ করিলেন। বৈদ্য তাঁহাকে দেখিতে পাইয়া কহিলেন—"ভন্তে, আর্য্যের চোখে না-কি বাতবিদ্ধ হইতেছে?"

"হাঁ, উপাসক!"

"ভন্তে, আমি ত তৈল পাক করিয়া পাঠাইয়াছি, উহা কি নাকে আসেচন কবিয়াছেন?"

"হাঁ, উপাসক।"

"এখন কেমন লাগিতেছে?"

"এখনও বেদনা করিতেছে উপাসক।"

১১। বেজ্জো "ময়া একবারেনেব বূপসমনসমত্থং তেলং পঁহিতং, কিন্নুখো রোগো ন বূপসন্তো"তি চিন্তেত্বা "ভন্তে, নিসীদিত্বা বো আসিত্তং নিপজ্জিত্বা"তি পুচ্ছি। থেরো তুণ্হী অহোসি, পুনপ্পুনং পুচ্ছিয়মানোপি ন কথেসি। সো "বিহারং গন্ত্বা থেরস্স বসনট্ঠানং ওলোকেস্সামী"তি চিন্তেত্বা "তেনহি ভন্তে, গচ্ছথা"তি থেরং বিস্সজ্জেত্বা বিহারং গন্ত্বা থেরস্স বসনট্ঠানং ওলোকেন্তো চঙ্কমণ-নিসীদনট্ঠানমেব দিস্বা সয়নট্ঠানমদিস্বা "ভন্তে, নিসিন্নেহি বো আসিত্তং নিপন্নেহী"তি পুচ্ছি। থেরো তুণ্হী অহোসি।

১১। বৈদ্য চিন্তা করিলেন—"আমি একবার প্রয়োগেই উপশম-সক্ষম তৈল প্রেরণ করিয়াছি, রোগ উপশম না হইবার কারণ কি?" চিন্তা করিয়া স্থবিরকে জিজ্ঞাসা করিলেন—"ভন্তে, তৈল বসিয়া আসেচন করিয়াছিলেন, না শুইয়া করিয়াছিলেন?" স্থবির নীরব রহিলেন, পুনঃপুন জিজ্ঞাসা করিলেও কিছু কহিলেন না। চিকিৎসক মনে মনে স্থির করিলেন—"বিহারে গিয়া স্থবিরের বাসস্থান দেখিতে হইবে।" প্রকাশ্যে কহিলেন—"তাহা হইলে ভন্তে, আপনি এখন যান।" স্থবিরকে বিদায় দিয়া তিনি বিহারে গেলেন। সেইখানে স্থবিরের বাসস্থান পর্য্যবেক্ষণ করিতে লাগিলেন। তিনি তাঁহার চঙ্ক্রমণস্থান ও উপবেশন স্থান মাত্র দেখিতে পাইলেন, শয়নস্থান দেখিলেন না। তিনি স্থবিরকে জিজ্ঞাসা করিলেন—"ভন্তে, আপনি কি বসিয়া তৈল আসেচন করিয়াছেন, না শুইয়া?" স্থবির নীরব রহিলেন।

"মা ভন্তে, এবমকত্থ সমণধম্মো নাম সরীবে য়াপেন্তে সক্কা কাতুং, নিপজ্জিত্বা অসিক্খথা"তি পুনপ্পুনং য়াচি।

১২। "গচ্ছথাবুসো মন্তেত্বা জানিস্‌সামী"তি। থেরস্‌স চ তত্থ নেব ঞাতী ন সালোহিতা অত্থি, কেন সদ্ধিং মন্তেয়্য ? করজকাযেন পন সদ্ধিং মন্তেন্তো—"বদেহি তাব আবুসো পালিত, ত্বং কিং অক্‌খী ওলোকেস্‌সসি উদাহু বুদ্ধসাসনন্তি ? অনমতগ্‌গস্মিং হি সংসাববট্টে তব অনক্‌খিককালস্‌স গণনা নত্থি। অনেকানি পন বুদ্ধসতানি বুদ্ধসহস্‌সানি অতীতানি, তেসু তে একবুদ্ধোপি ন পবিচিন্নো, ইদানি ইমং অন্তোবস্‌সং তযো মাসে ন নিপজ্জিস্‌সামী'তি তে মানসং বদ্ধং; তস্মা চক্‌খূনি তে নস্‌সন্তু বা ভিজ্জন্তু বা বুদ্ধসাসনমেব ধাবেহি মা চক্‌খূনী"তি। ভূতকাযং ওবদন্তো

চিকিৎসক পুনঃপুন অনুবোধ কবিয়া কহিলেন—"ভন্তে, আর এমন করিবেন না, শবীব বক্ষা কবিলেই শ্রমণধর্ম্ম পালন করিতে পারিবেন; শুইয়া তৈল আসেচন করিবেন।"

১২। "যাও আবুস, আমি পবামর্শ করিয়া ঠিক করিব।" সেই-খানে স্থবিবের জ্ঞাতি বা স্বলোহিত কেহই নাই, পরামর্শ করিবেন কাহাব সঙ্গে ? স্থবির অশুভ কায়েব সহিত মন্ত্রণা করিতে লাগিলেন—"আবুস পালিত, বল ত দেখি, তুমি কি চক্ষু চাও, না বুদ্ধশাসন চাও ? আদি-অন্ত বিরহিত সংসাববর্ত্তে কত কাল যে চক্ষুহীন ছিলে তাহাব গণনা নাই। কত শতসহস্র বুদ্ধ অতীত হইয়াছেন, তাঁহাদেব একজনেব সঙ্গেও তোমাব সাক্ষাৎ নাই, এখন এই বর্ষাব মধ্যে তিন মাস শয়ন কবিব না বলিয়া সঙ্কল্প কবিয়াছ, কাজেই তোমাব চক্ষু নষ্ট হউক বা বিদ্ধ হউক, বুদ্ধ শাসনকেই ধবিয়া থাক, চক্ষুকে নয়।" তিনি ভৌতিক দেহকে উপদেশ দানচ্ছলে

ইমা গাথা অভাসি ঃ—

"চক্খূনি হাযন্তি মমায়িতানি
সোতানি হায়ন্তি তথেব দেহো,
সব্বম্পিদং হাযতি দেহনিস্সি তং
কিং কারণা পালিত ত্বং পমজ্জসি ?

চক্খূনি জীবন্তি মমায়িতানি
সোতানি জীরন্তি তথেব কাযো,
সব্বম্পিদং জীরতি কায়নিস্সি তং
কিং কাবণা পালিত ত্বং পমজ্জসি ?

চক্খূনি ভিজ্জন্তি মমাযিতানি
সোতানি ভিজ্জন্তি তথেব রূপং,

এই সকল গাথা ভাষণ কবিলেন ঃ—

মমত্ব বোধক চক্ষুযুগল ক্ষয় হইতেছে, কর্ণদ্বয় ক্ষয় হইতেছে, সেইরূপে দেহ এবং দেহাশ্রিত এই সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গ ক্ষয় হইতেছে। হে পালিত। কি কাযণে তুমি প্রমত্ত হইতেছ ?

মমত্ববোধক চক্ষুযুগল জীর্ণ হইতেছে, কর্ণদ্বয় জীর্ণ হইতেছে, সেইরূপে কায় এবং কায়াশ্রিত এই সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গ জীর্ণ হইতেছে। হে পালিত। কি কারণে তুমি প্রমত্ত হইতেছ ?

মমত্ববোধক চক্ষুযুগল নষ্ট হইতেছে, কর্ণদ্বয় নষ্ট হইতেছে, সেইরূপে রূপ এবং রূপাশ্রিত এই সমস্ত নষ্ট হইতেছে।

সব্বম্পিদং ভিজ্জতি রূপনিস্‌সিতং
কিং কারণা পালিত ত্বং পমজ্জসী ?"তি।

১৩। এবং তীহি গাথাহি অত্তনো ওবাদং দত্বা নিসিন্নকোব নত্থুকম্মং কত্বা গামং পিণ্ডায় পাবিসি। বেজ্জো দিস্বা "কিং ভন্তে, নত্থু কম্মং কতং ?"তি পুচ্ছি।

"আম উপাসকা"তি।

"কীদিসং ভন্তে"তি।

"রুজতেব উপাসকা"তি।

"নিসীদিত্বা বো ভন্তে, কতং নিপজ্জিত্বাতি ?

১৪। থেবো তুণ্‌হী অহোসি। পুনপ্পুনং পুচ্ছিযমানোপি ন কিঞ্চি কথেসি। অথ নং বেজ্জো "ভন্তে, তুম্‌হে সপ্পাযং ন

হে পালিত ! কি কাবণে তুমি প্রমত্ত হইতেছ ?

১৩। এইরূপে গাথাত্রযে নিজকে উপদেশ দিয়া উপবিষ্ট অবস্থায়ই নাসিকায় তৈল সিঞ্চন কবিযা ভিক্ষাব জন্য গ্রামে প্রবেশ কবিলেন। চিকিৎসক তাঁহাকে দেখিতে পাইযা জিজ্ঞাসা কবিলেন—"ভন্তে, নস্য কর্ম করিয়াছেন কি ?"

"হাঁ, উপাসক।"

"এখন কেমন বোধ হইতেছে, ভন্তে ?"

"এখনও বেদনা কবিতেছে উপাসক।"

"শুইয়া করিযাছেন, না বসিয়া কবিয়াছেন ?"

১৪। স্থবির নীবব বহিলেন। পুনঃপুন জিজ্ঞাসা কবিলেও কিছু বলিলেন না। অনন্তর বৈদ্য তাঁহাকে কহিলেন—"ভন্তে, আপনি ভাল

কবোথ, অজ্জপট্‌ঠায অম্বুকেন মে তেলং পক্কন্তি মাবদিত্থ, অহম্পি ময়া বো তেলং পক্কন্তি ন বক্‌খামী”তি আহ। সো বেজ্জেন পচ্চক্‌খাতো বিহাবং গন্ত্বা “বেজ্জেনাপি পচ্চক্‌খাতোসি ইবিয়াপথং মা বিস্‌সজ্জ সমণা”তি।

“পটিক্‌খিত্তো তিকিচ্ছায বেজ্জেনাসি বিবজ্জিতো,
নিয়তো মচ্চুরাজস্‌স কিং পালিত পমজ্জসী”তি।

১৫। ইমায় গাথায় অত্তানং ওবদিত্বা সমণধম্মং অকাসি। অথস্‌স মজ্ঝিমে য়ামে অভিক্কন্তে অপুব্বং অচবিমং অক্‌খীনি চেব কিলেসা চ পভিজ্জিংসু। সো সুক্‌খবিপস্‌সকো অবহা হুত্বা গন্ডং পবিসিত্বা নিসীদি। ভিক্‌খু ভিক্‌খাচাববেলায় আগন্ত্বা

“ভিক্‌খাচাবকালো ভন্তে”তি আহংসু।

কবিতেছেন না, অন্য হইতে বলিবেন না যে, অমুক আমাকে তৈল পাক করিয়া দিয়াছিল, আমিও বলিব না যে, আমি আপনাব জন্য তৈল পাক কবিয়াছিলাম।” তিনি বৈদ্য কর্ত্তৃক পবিত্যক্ত হইযা বিহাবে গমন পূর্ব্বক নিজকে সম্বোধন কবিয়া কহিলেন—“শ্রমণ, বৈদ্যও তোমাকে ত্যাগ কবিল, ‘ইর্য্যাপথ’ ত্যাগ কবিওনা।”

হে পালিত। চিকিৎসায় তুমি বৈদ্য কর্ত্তৃক বর্জ্জিত হইয়াছ, নিশ্চিত মৃত্যুবাজেব অধীন হইয়াছ, আর কেন প্রমত্ত হইতেছ ?

১৫। এই গাথায নিজকে উপদেশ দিয়া শ্রমণ ধর্ম্ম আচবণ করিতে লাগিলেন। অনন্তর বাত্রিব মধ্যম যাম অতিক্রান্ত হইলে পূর্ব্বেও নয় পবেও নয় এক সঙ্গেই চক্ষু ও ক্লেশ (পাপ) দুই নষ্ট হইল। তিনি সূক্ষ্মবিদর্শক অর্হৎ হইযা কক্ষে প্রবেশ পূর্ব্বক উপবেশন কবিলেন। ভিক্ষারসময উপস্থিত হইলে ভিক্ষুবা গিযা তাঁহাকে কহিলেন—“ভন্তে, ভিক্ষাচর্য্যাব সময় হইয়াছে।”

"কালো আবুসো"তি ?

"আম ভন্তে"তি।

"তেন হি গচ্ছথা"তি।

"তুম্‌হে পন ভন্তে"তি।

"অক্‌খীনি মে আবুসো পরিহীনানী"তি

১৬। তে তস্‌স অক্‌খীনি ওলোকেত্বা অস্‌সু পুণ্ণনেত্তা হুত্বা "ভন্তে, মা চিন্তযিত্থ ময়ং বো পটিজগ্‌গিস্‌সামা"তি থেরং অস্‌সাসেত্বা কত্তব্বযুত্তকং বত্তপটিবত্তং কত্বা গামং পবিসিংসু। মনুস্‌সা থেরং অদিস্বা "ভন্তে, অম্‌হাকং অয্যো কুহিং"তি পুচ্ছিত্বা তং পবত্তিং সুত্বা য়াগুং পেসেত্বা সয়ং পিণ্ডপাতং আদায় গন্ত্বা থেরং

"আবুস, সময় হইয়াছে ?"

"হাঁ ভন্তে।"

"তবে তোমরা যাও॥"

"ভন্তে আপনি ?"

"আবুস, আমি চক্ষুহীন হইয়াছি।"

১৬। তাঁহারা তাঁহার চক্ষু দেখিয়া অশ্রুপূর্ণ নেত্রে কহিলেন—"ভন্তে, আপনি চিন্তা করিবেন না, আমরা আপনার সেবা করিব।" তাঁহারা স্থবিরকে আশ্বস্ত করিয়া এবং যথাকর্ত্তব্য তাঁহার সেবাশুশ্রূষা করিয়া গ্রামে প্রবেশ করিলেন। লোকেরা তাঁহাদের সঙ্গে স্থবিরকে দেখিতে না পাইয়া জিজ্ঞাসা করিল— "ভন্তে, আমাদের আর্য্য কোথায় ?" তাহারা তাঁহাদের মুখে সেই বৃত্তান্ত শ্রবণ করিয়া তাঁহার জন্য যাগু পাঠাইয়া দিল এবং নিজেরা তাঁহার জন্য আহার্য লইয়া বিহারে গমন করিল। বিহারে যাইয়া স্থবিরকে

বন্দিত্বা পাদমূলে পবট্টমানা বোদিত্বা "মযং ভন্তে, পটিজগ্‌গিস্সাম তুম্হে মা চিন্তয়িত্থা"তি সমস্সাসেত্বা পক্কমিংসু। ততো পট্ঠায় নিবদ্ধং য়াগুভত্তং বিহাবমেব পেসেন্তি: থেরোপি ইতবে সট্ঠিভিক্খূ নিবন্তরং ওবদতি, তে তস্সোবাদে ঠত্বা উপকট্ঠায় পবাবণায় সব্বেব সহপটিসম্ভিদাহি অবহন্তং পাপুণিংসু। তে বুত্থবস্সা চ পন সত্থারং দট্ঠুকামা হুত্বা থেরং আহংসু—"ভন্তে, সত্থারং দট্ঠু-কামম্হা"তি। থেরো তেসং বচনং সুত্বা চিন্তেসি "অহং দুব্বলো অন্তরামগ্‌গে চ অমনুস্সপবিগ্‌গহীতা অটবী অত্থি, মযি এতেহি সদ্ধিং গচ্ছন্তে সব্বে কিলমিস্সন্তি, ভিক্খম্পি লভিতুং ন সক্খিস্সন্তি, ইমে পুরেতরমেব পেসেস্সামী"তি। অথ নে আহ—

বন্দনা কবতঃ তাঁহার পাদমূলে পতিত হইয়া কাঁদিতে লাগিল। তাহাবা বলিল—"ভন্তে, আপনি চিন্তা করিবেন না, আমরা আপনাব তত্ত্বাবধান কবিব।" তাহাবা তাঁহাকে এইরূপে সমাশ্বাসিত কবিয়া চলিয়া গেল। সেই হইতে তাহারা নিয়মিত ভাবে বিহারেই যাগু ও ভাত পাঠাইতে লাগিল। স্থবিবও অপব ষাটজন ভিক্ষুকে নিবন্তব উপদেশ দিতে লাগিলেন। তাঁহাবা স্থবিবেব উপদেশানুবর্ত্তী হইয়া প্রবাবণার সমীপবর্ত্তী সময় সকলেই প্রতিসম্ভিদা সহ অর্হত্ব প্রাপ্ত হইলেন। বর্ষাবাস শেষ হইলে তাঁহারা শাস্তাকে দর্শন কবিতে ইচ্ছুক হইয়া স্থবিবকে কহিলেন—"ভন্তে, আমরা শাস্তাকে দর্শন কবিতে ইচ্ছা কবি।" স্থবিব তাহাদেব কথা শ্রবণ কবিয়া চিন্তা করিলেন—"আমি দুর্ব্বল, পথিমধ্যে অমনুষ্য পবিগৃহীত বন আছে: আমি যদি ইহাদের সঙ্গে যাই, তবে সকলেবই কষ্ট হইবে, ভিক্ষাও পাইবে না, ইহাদিগকে পূর্ব্বেই পাঠাইয়া দিব।" অতঃপব তিনি তাঁহাদিগকে কহিলেন—

"আবুসো তুম্‌হে পুবতো গচ্ছথা"তি।

"তুম্‌হে পন ভন্তে ?"তি।

"অহং দুব্বলো অন্তরামগ্‌গে চ অমনুস্‌সপবিগ্‌গহীতা অটবী অত্থি, মযি তুম্‌হেহি সদ্ধিং গচ্ছন্তে সব্বে কিলমিস্‌সথ, তুম্‌হে পুবতো গচ্ছথা"তি।

"মা ভন্তে, এবং কবিত্থ, মযং তুম্‌হেহি সদ্ধিংএক্কেব গমিস্‌সামা"তি।

"মা বো আবুসো, এবং রুচ্চিত্থ এবং সন্তে মযহং অফাসুকং ভবিস্‌সতি, মযহং কণিট্ঠো তুম্‌হে দিস্বা পুচ্ছিস্‌সতি, অথস্‌স মম চক্‌খূনং পরিহীনভাবং আবোচেয্যাথ; সো মযহং সন্তিকং কঞ্চিদেব পহিণিস্‌সতি, তেন সদ্ধিং আগচ্ছিস্‌সামি,

---

"আবুস, তোমরা পূর্ব্বে যাও।"

"আপনি ভন্তে ?"

"আমি দুর্ব্বল, পথিমধ্যে অমনুষ্যাশ্রিত বন আছে, আমি তোমাদের সঙ্গে গমন করিলে সকলেই কষ্ট পাইবে, তোমরা পূর্ব্বে যাও।"

"ভন্তে, এইরূপ করিবেন না, আমরা আপনার সঙ্গেই যাইব।"

"আবুস, তোমরা এমন রুচি করিও না, এমন হইলে আমার অসুবিধা হইবে। আমার ছোট ভাই তোমাদিগকে দেখিলে আমার কথা জিজ্ঞাসা করিবে, তাহাকে আমার চক্ষুহানির বিষয় বলিও। সে আমার নিকট কাহাকেও পাঠাইবে, আমি তাহার সহিত যাইব।

তুম্‌হে মম বচনেন দসবলঞ্চ অসীতিমহাথেবে চ বন্দথা”তি তে উয্যোজেসি।

১৭। তে থেবং খমাপেত্বা অন্তোগামং পবিসিংসু। মনুস্‌সা তে নিসীদাপেত্বা ভিক্‌খং দত্বা “কিং ভন্তে, অয্যানং গমনাকারো পঞ্‌ঞাযতী”তি?

“আম উপাসকা সত্থাবং দট্‌ঠুকামম্‌হা”তি।

তে পুনপ্পুনং যাচিত্বা তেসং গমনচ্ছন্দমেব ঞত্বা অনুগন্ত্বা পবিদেবিত্বা নিবত্তিংসু। তেপি অনুপুব্বেন জেতবনং গন্ত্বা সত্থারঞ্চ মহাথেবে চ থেবস্‌স বচনেন বন্দিত্বা পুনদিবসে য়থ থেবস্‌স কণিট্‌ঠো বসতি তং বীথিং পিণ্ডায় পবিসিংসু।

তোমবা আমাব আদেশে দশবল * ও অশীতি মহাস্থবিবকে বন্দনা কবিবে।” এই বলিযা তিনি তাঁহাদিগকে বিদায় দিলেন।

১৭। তাঁহাদেব কোন ত্রুটি হইযা থাকিলে স্থবিবকে ক্ষমা করিতে বলিয়া তাঁহাবা গ্রামেব মধ্যে প্রবেশ কবিলেন। মনুষ্যেবা তাঁহাদিগকে উপবেশন কবাইযা ভিক্ষা দিয়া জিজ্ঞাসা কবিল—“ভন্তে, আপনাবা যেন কোথাও যাইবেন এইরূপ দেখা যাইতেছে যে?’

“হাঁ উপাসকগণ, আমবা শাস্তাকে দেখিতে ইচ্ছুক হইয়াছি।”

তাহাবা ভিক্ষুদিগকে থাকিবার জন্য পুনঃপুন বলিযাও যখন জানিল যে একান্তই তাঁহাদেব যাওযাব ইচ্ছা, তখন তাহাবা কিছুদূব তাঁহাদেব অনুগমন কবিয়া ক্রন্দন কবিয়া প্রত্যাবর্ত্তন করিল। তাঁহাবা ক্রমে ক্রমে পথ চলিয়া জেতবনে উপনীত হইলেন এবং শাস্তাকে ও মহাস্থবিব দিগকে স্থবিবেব কথা নিবেদন কবিয়া বন্দনা কবিলেন। পবদিবস স্থবিরেব কনিষ্ঠ ভ্রাতা যথায় বাস কবিতেছে সেই পথ ধবিয়া ভিক্ষায় বহির্গত হইলেন।

---

* বুদ্ধ।

কুটুম্বিকো তে সঞ্জানিত্বা নিসীদাপেত্বা কতপটিসন্থারো "ভাতিক-থেবো মে কুহিং"তি পুচ্ছি। অথস্‌স তে তং পবত্তিং আরোচেসুং। সো তেসং পাদমূলে পবট্টেন্তো বোদিত্বা পুচ্ছি—"ইদানি ভন্তে, কিং কাতব্বং"তি ?

"থেবো ইতো কস্‌সচি গমনং পচ্চাসিংসতি, গতকালে তেনসদ্ধিং আগমিস্‌সতী"তি।

"অযং মে ভন্তে, ভাগিনেয্যো পালিতো নাম এতং পেসেথা"তি।

এবং পেসেতুং ন সক্কা মগ্‌গে পবিপন্থো অত্থি; পব্বাজেত্বা পেসেতুং বট্টতী"তি।

"এবং কত্বা পেসেথ ভন্তে"তি।

কুটুম্বিক 'চুল্লপাল' তাঁহাদিগকে চিনিতে পারিযা তাঁহাব গৃহে সম্মানেব সহিত উপবেশন কবাইয়া জিজ্ঞাসা কবিলেন—"আমাব ভ্রাতা স্থবিব কোথায় ?" তাঁহাবা তাহাকে সকল বৃত্তান্ত বলিলেন। তিনি তাঁহাদেব পাদমূলে অবলুণ্ঠিত হইয়া বোদন পূর্ব্বক জিজ্ঞাসা কবিলেন—"ভন্তে, এখন কি কবা কর্ত্তব্য ?"

"স্থবিব এখান হইতে কাহাবও গমন প্রত্যাশা কবিতেছেন, কেহ গেলে তাহাব সহিত আসিবেন।"

"ভন্তে, এ আমাব ভাগিনেয়, ইহার নাম পালিত, ইহাকে পাঠাইয়া দেন।"

"এইরূপে পাঠাইতে পাবিব না, পথে বাধা আছে, প্রব্রজিত করাইয়া পাঠাইতে হইবে।"

"সেইরূপ কবিয়া পাঠান, ভন্তে।"

১৮। অথ নং পব্বাজেত্বা অদ্ধমাসমত্তং চীবরগহণাদীনি সিক্‌খাপেত্বা মগ্‌গং আচিক্‌খিত্বা পহিণিংসু। সো অনুপুব্বেন তং গামং পত্বা গামদ্বারে একং মহল্লকং দিস্বা "ইমং গামং নিস্‌সায় কোচি আবঞ্‌ঞকো বিহারো অত্থী ?"তি পুচ্ছি।

"অত্থি ভন্তে"তি।

"কো তত্থ বসতী"তি ?

"পালিতত্থেরো নাম ভন্তে"তি।

"মগ্‌গম্মে আচিক্‌খথা"তি।

"কোসি ত্বং ভন্তে"তি ?

"থেরস্‌স ভাগিনেয়্যোম্‌হী"তি।

১৮। অনন্তর ভিক্ষুগণ তাহাকে প্রব্রজিত করিয়া অর্দ্ধমাস যাবৎ চীবর পরিধানাদি শিক্ষা দিয়া পথের সন্ধান বলিয়া পাঠাইয়া দিলেন। সে অনুক্রমে সেই গ্রামে উপনীত হইয়া গ্রামদ্বারে এক বৃদ্ধকে দেখিতে পাইল এবং তাহাকে জিজ্ঞাসা করিল— "এই গ্রামকে আশ্রয় করিয়া কোন অবণ্য বিহার আছে কি ?"

"আছে ভন্তে।"

"তথায় কে বাস করেন ?"

"পালিত স্থবির ভন্তে।"

"আমাকে পথ দেখাইয়া দেন।"

"ভন্তে আপনি কে ?"

"আমি স্থবিরের ভাগিনেয়।"

১৯। অথ নং গহেত্বা বিহারং নেসি। সো থেরং বন্দিত্বা অদ্ধমাস-মত্তং বত্তপটিবত্তং কত্বা থেরং সম্মা পটিজগ্‌গিত্বা "ভন্তে, মাতুল কুটুম্বিকো মে তুম্হাকং আগমনং পচ্চাসিংসতি, এথ গচ্ছামা"তি আহ।

"তেন হি মে য়ট্‌ঠিকোটিং গণ্‌হাহী"তি।

সো য়ট্‌ঠিকোটিং গহেত্বা থেরেন সদ্ধিং অন্তোগামং পাবিসি। মনুস্সা তে নিসীদাপেত্বা "কিং ভন্তে, গমনাকাবো বো পঞ্‌ঞা-য়তী"তি পুচ্ছিংসু।

"আম উপাসকা গন্ত্বা সত্থারং বন্দিস্সামী"তি।

২০। তে নানপ্পকারেন যাচিত্বা অলভন্তা থেরং উয়্যোজেন্তা উপড্‌ঢপথং গন্ত্বা রোদিত্বা নিবত্তিংসু।

১৯। অতঃপব বৃদ্ধ তাহাকে লইয়া বিহারে গেলেন। শ্রামণের স্থবিবকে বন্দনা কবিল এবং অর্দ্ধমাস যাবৎ ব্রত-প্রতিব্রত সম্পাদন করিয়া স্থবিরেব সম্যকরূপে সেবা-শুশ্রূষা কবিল। তৎপব বলিল— "ভন্তে, আমাব মাতুল কুটুম্বিক আপনাব আগমন প্রত্যাশা কবেন, চলুন আমরা যাই।"

"তাহা হইলে, আমার যষ্টিব অগ্রভাগ ধারণ কর।"

সে যষ্টির অগ্রভাগ ধারণ করিয়া স্থবিবেব সহিত গ্রামমধ্যে প্রবেশ কবিল। লোকেরা তাঁহাদিগকে উপবেশন করাইয়া কহিল— "কি ভন্তে, আপনি যেন কোথায়ও যাইতেছেন বলিয়া বোধ হইতেছে?"

"হাঁ উপাসক, শাস্তাকে বন্দনা কবিতে যাইব।"

২০। তাহারা স্থবিরকে নানাপ্রকাবে সেখানে থাকিবাব জন্য প্রার্থনা কবিয়াও যখন তাঁহার সম্মতি পাইল না অগত্যা তাঁহাকে বিদায় দিল, কিন্তু অর্দ্ধপথ পর্য্যন্ত তাঁহাব অনুগমন কবিল। অতঃপব তাহাবা বোদন কবিতে কবিতে প্রত্যাবর্ত্তন করিল।

সামণেরো থেবং যট্‌ঠিকোটিয়া আদায় গচ্ছন্তো অন্তরামগ্‌গে অটবিয়ং কট্‌ঠনগরং নাম থেবেন উপনিস্‌সায বুত্থপুব্বগামং সম্পাপুণি। সো ততো নিক্‌খমিত্বা অরঞ্‌ঞে গায়িত্বা গাযিত্বা দাব্বনি উদ্ধরন্তিয়া একিস্‌সা ইত্থিয়া গীতসদ্দং সুত্বা সবে নিমিত্তং গণ্‌হি।

২১। ইত্থিসদ্দো বিয় হি অঞ্‌ঞো সদ্দো পুবিসানং সকল সরীরং ফরিত্বা ঠাতুং সমত্থো নাম নত্থি। তেনাহ ভগবা ঃ—

"নাহং ভিক্‌খবে, অঞ্‌ঞং একসদ্দম্পি সমনুপস্‌সামি যো এবং পুবিসস্‌স চিত্তং পরিযাদায় তিট্‌ঠতি, যথযিদং ভিক্‌খবে, ইত্থিসদ্দো" তি। সামণেবো তত্থ নিমিত্তং গহেত্বা যট্‌ঠিকোটিং বিস্‌সজ্জেত্বা "তিট্‌ঠথ তাব ভন্তে, কিচ্চম্মে অত্থী"তি তস্‌সা সন্তিকং গতো।

শ্রামণেব স্থবিবের যষ্টিকোটি ধারণ করিয়া যাইতে যাইতে—পথে—বনমধ্যে—কাষ্টনগবে উপনীত হইল। পূর্ব্বে স্থবির এই গ্রামকে আশ্রয় করিয় বাস করিয়াছিলেন। সেই গ্রাম হইতে বাহির হইয়া জনৈক স্ত্রীলোক অরণ্যে গান করিতে কবিতে কাষ্ঠ আহবণ করিতেছিল। শ্রামণের গীতশব্দ শুনিয়া তাহার কণ্ঠস্ববে আকৃষ্ট হইল।

২১। স্ত্রী-শব্দেব ন্যায় পুরুষদের সমস্ত শবীব বিস্ফারিত হইয়া স্থিত থাকিতে পারে এমন অন্য কোন শব্দেব সামর্থ্য নাই। তাই ভগবান বলিয়াছেন ঃ—"হে ভিক্ষুগণ, আমি অন্য এক শব্দও সম্যক্‌রূপে দেখিতেছি না, যাহা এইরূপ ভাবে পুরুষের চিত্ত অধিকাব কবিয়া স্থিত থাকিতে পাবে, যেমন এই স্ত্রীশব্দ।" শ্রামণের সেই স্ত্রীশব্দে নিমিত্ত * গ্রহণ করিয়া যষ্টিব অগ্রভাগ ছাড়িয়া দিয়া কহিল— "ভন্তে, আপনি একটু দাঁড়ান, আমাব কাজ আছে।" এই বলিয়া সে স্ত্রী লোকটিব নিকট গেল।

---

* কামরাগ সংমিশ্রিত স্বরূপ ভাব।

সা তং দিস্বা তুণ্‌হী অহোসি। সো তায় সদ্ধিং সীলবিপত্তিং পাপুণি। থেরো চিন্তেসি—ইদানেবেকো গীতসদ্দো সূযিত্থ, সো চ খো ইত্থিয়া। সামণেরোপি চিবায়তি; সো সীলবিপত্তিং পত্তো ভবিস্‌সতী"তি। সোপি অত্তনো কিচ্চং নিট্‌ঠাপেত্বা আগন্ত্বা গচ্ছাম ভন্তে"তি আহ। অথ নং থেরো পুচ্ছি—"পাপো জাতোসি সামণেরা"তি? সো তুণ্‌হী হুত্বা পুনপ্পুনং পুচ্ছিতোপি ন কিঞ্চি কথেসি। অথ নং থেরো আহ:—তাদিসেন পাপেন মম ষট্‌ঠিকোটিগহণ কিচ্চং নত্থী"তি। সো সংবেগপ্পত্তো কাসাযানি অপনেত্বা গিহীনিয়ামেন পরিদহিত্বা"ভন্তে, পুব্বে অহং সামণেবো, ইদানি পনমিহ গিহী জাতো; পব্বজন্তোপি চাহং ন সদ্ধায পব্বজিতো' মগ্‌গপরিপন্থ ভয়েন পব্বজিতো, এথ গচ্ছামা"তি আহ।

